গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
[মূসক অনুবিভাগ]

সাধারণ আদেশ নং-০৩/মূসক/২০১৪ তারিখ: ২২ জ্যৈষ্ঠ, ১৪২১ বঙ্গাব্দ/০৫ জুন, ২০১৪ খ্রিষ্টাব্দ।

বিষয়: মূল্য সংযোজন কর (মূসক) উৎসে আদায়/কর্তন এবং পরবর্তী করণীয় সম্পর্কে দিক-নির্দেশনা।

মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি ৩৮ এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, সরকারি প্রতিষ্ঠান, আধাসরকারি প্রতিষ্ঠান, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান, এনজিও, ব্যাংক, বীমা, আর্থিক প্রতিষ্ঠান, লিমিটেড কোম্পানি এবং শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক উৎসে মূল্য সংযোজন কর (মূসক) আদায়/কর্তন এবং পরবর্তী করণীয় সম্পর্কে নিম্নরূপ দিক-নির্দেশনা প্রদান করলো।

০২। যে সব ক্ষেত্রে উৎসে মূসক কর্তন করতে হবে:

(১) নিম্নের ছকে বর্ণিত সেবাসমূহের ক্ষেত্রে উহাদের বিপরীতে উল্লিখিত হারে আবশ্যিকভাবে উৎসে মূসক কর্তন করতে হবে। সেবাপ্রদানকারী মূসক পরিশোধপূর্বক সেবা প্রদান করলে তিনি অনুচ্ছেদ নং-৫(ক) এ বর্ণিত পদ্ধতি অনুসরণ করবেন। সেবাপ্রদানকারী মূসক পরিশোধ ব্যতিরেকে সেবা প্রদান করলে তিনি অনুচ্ছেদ নং-৫(খ) এ বর্ণিত পদ্ধতি অনুসরণ করবেন:-

ক্রম. নং	সেবার কোড	সেবার শিরোনামা		মূসক উৎসে কর্তনের হার
(১)	(২)	(৩)		(৪)
০১.	এস ০০২.০০	ডেকোরেটর্স ও ক্যাটারার্স		১৫%
০২.	এস ০০৩.১০	মোটর গাড়ির গ্যারেজ ও ওয়ার্কশপ		৭.৫%
০৩.	এস ০০৩.২০	ডকইয়ার্ড		৭.৫%
০৪.	এস ০০৪.০০	নির্মাণ সংস্থা		৫.৫%
[1]০৫.	এস ০০৭.০০	বিজ্ঞাপনী সংস্থা		১৫%]
০৬.	এস ০০৮.১০	ছাপাখানা		১৫%
০৭.	এস ০০৯.০০	নিলামকারী সংস্থা		১৫%
০৮.	এস ০১০.১০	ভূমি উন্নয়ন সংস্থা		৩%
০৯.	এস ০১০.২০	ভবন নির্মাণ সংস্থা		*৩%
১০.	এস ০২০.০০	জরিপ সংস্থা		১৫%
১১.	এস ০২১.০০	প্ল্যান্ট বা মূলধনী যন্ত্রপাতি ভাড়া প্রদানকারী সংস্থা		১৫%
১২.	এস ০২৪.০০	আসবাবপত্রের বিপণন কেন্দ্র	(ক) উৎপাদন পর্যায়ে	৬%
			(খ) বিপণন পর্যায়ে (শো-রুম) (উৎপাদন পর্যায়ে ৬% হারে মূসক পরিশোধের চালানপত্র থাকা সাপেক্ষে)।	৪%

[1] সাধারণ আদেশ নং-১০/মূসক/২০১৪, তারিখ: ৩০ জুন, ২০১৪ বলে 'ক্রম. নং ০৫ ও উহার বিপরীতে এন্ট্রিসমূহ' সন্নিবেশিত এবং তৎপর পরবর্তী ক্রমিক নম্বরসমূহ সংখ্যাক্রম অনুসারে পুনঃ সংখ্যায়িত।

ক্রম. নং	সেবার কোড	সেবার শিরোনামা		মূসক উৎসে কর্তনের হার
(১)	(২)	(৩)		(৪)
		বিপণন কেন্দ্র	(খ) বিপণন পর্যায়ে (শো-রুম) (উৎপাদন পর্যায়ে ৬% হারে মূসক পরিশোধের চালানপত্র থাকা সাপেক্ষে)।	৪%
১৩.	এস ০২৮.০০	কুরিয়ার (Courier) ও এক্সপ্রেস মেইল সার্ভিস		১৫%
১৪.	এস ০৩১.০০	পণের বিনিময়ে করযোগ্য পণ্য মেরামত বা সার্ভিসিং- এর কাজে নিয়োজিত ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা		১৫%
১৫.	এস ০৩২.০০	কনসালটেন্সী ফার্ম ও সুপারভাইজরী ফার্ম		১৫%
১৬.	এস ০৩৩.০০	ইজারাদার		১৫%
১৭.	এস ০৩৪.০০	অডিট এন্ড একাউন্টিং ফার্ম		১৫%
১৮.	এস ০৩৭.০০	যোগানদার (Procurement Provider)		[1][৫%]
১৯.	এস ০৪০.০০	সিকিউরিটি সার্ভিস		১৫%
২০.	এস ০৪৫.০০	আইন পরামর্শক		১৫%
২১.	এস ০৪৮.০০	পরিবহন ঠিকাদার	(ক) পেট্রোলিয়ামজাত পণ্য পরিবহনের ক্ষেত্রে	২.২৫%
			(খ) অন্যান্য পণ্য পরিবহনের ক্ষেত্রে	৭.৫%
২২.	এস ০৪৯.০০	যানবাহন ভাড়া প্রদানকারী		১৫%
২৩.	এস ০৫০.১০	আর্কিটেক্ট, ইন্টেরিয়র ডিজাইনার বা ইন্টেরিয়র ডেকোরেটর		১৫%
২৪.	এস ০৫০.২০	গ্রাফিক ডিজাইনার		১৫%
২৫.	এস ০৫১.০০	ইঞ্জিনিয়ারিং ফার্ম		১৫%
২৬.	এস ০৫২.০০	শব্দ ও আলোক সরঞ্জাম ভাড়া প্রদানকারী		১৫%
২৭.	এস ০৫৩.০০	বোর্ড সভায় যোগদানকারী		১৫%
২৮.	এস ০৫৪.০০	উপগ্রহ চ্যানেলের মাধ্যমে বিজ্ঞাপন প্রচারকারী		১৫%
২৯.	এস ০৫৮.০০	চার্টার্ড বিমান বা হেলিকপ্টার ভাড়া প্রদানকারী		১৫%
৩০.	এস ০৬০.০০	নিলামকৃত পণ্যের ক্রেতা		৪%
৩১.	এস ০৬৫.০০	ভবন মেঝে ও অঙ্গন পরিষ্কার/ রক্ষণাবেক্ষণকারী		১৫%
৩২.	এস ০৬৬.০০	লটারির টিকিট বিক্রয়কারী		১৫%
৩৩.	এস ০৭১.০০	অনুষ্ঠান আয়োজক		১৫%
৩৪.	এস ০৭২.০০	মানব সম্পদ সরবরাহ বা ব্যবস্থাপনা প্রতিষ্ঠান		১৫%
৩৫.	এস ০৯৯.১০	তথ্য-প্রযুক্তি নির্ভর সেবা (Information Technology Enabled Services)		৪.৫%
৩৬.	এস০৯৯.২০	অন্যান্য বিবিধ সেবা		১৫%
৩৭.	এস০৯৯.৩০	স্পন্সরশীপ সেবা (Sponsorship Services)		৭.৫%

* ভবন নির্মাণ সংস্থার ক্ষেত্রে ২০১৫-১৬ অর্থবছরের বাজেটে ভ্যাটের তিনটি হার নির্ধারণ করা হয়েছে, যথা:- ১.৫%, ২.৫% এবং ৪.৫%। এই আদেশে মনে হয় ভুলবশতঃ সংশোধন করা হয়নি। নতুন নির্ধারিত হার অনুযায়ী উৎসে কর্তন বাঞ্ছনীয়।

(২) "যোগানদার" সেবার ক্ষেত্রে উৎসে মূসক কর্তন: উপরের তালিকার ১৮ নং ক্রমিকে বর্ণিত সেবা "যোগানদার" এর ক্ষেত্রে উৎসে মূসক কর্তন বিষয়ে ব্যাখ্যার প্রয়োজন রয়েছে।

[1] সাধারণ আদেশ নং-১৩/মূসক/২০১৫, তারিখ: ০১ জুলাই, ২০১৫ দ্বারা প্রতিস্থাপিত।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
[মূল্য সংযোজন কর]
প্রজ্ঞাপন
ঢাকা, ১৯ ভাদ্র, ১৪১৪/০৩ সেপ্টেম্বর, ২০০৭ইং

এসআরও নং ২১৬-আইন/২০০৭/৪৮১-মূসক।–মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা-৭২, ধারা-৬ এর উপ-ধারা (৪) এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:-

১। **শিরোনাম।**–এই বিধিমালা ভবন নির্মাণ সংস্থা ও ভূমি উন্নয়ন সংস্থা সেবার ক্ষেত্রে মূল্য সংযোজন কর পরিশোধের সময় ও পদ্ধতি নির্ধারণ বিধিমালা, ২০০৭ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**–বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কিছু না থাকলে, এই বিধিমালায়-

(ক) **'আইন'** অর্থ মূল্য সংযোজন কর, আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন);

(খ) **'কর'** অর্থ মূল্য সংযোজন কর;

(গ) **'ভবন নির্মাণ সংস্থা'** বা **'ভূমি উন্নয়ন সংস্থা'** অর্থ জাতীয় রাজস্ব বোর্ডের প্রজ্ঞাপন এসআরও নং ১৭০-আইন/২০০০/২৬৯-মূসক, তারিখ ২৫ জ্যৈষ্ঠ, ১৪০৭ বঙ্গাব্দ মোতাবেক ০৮ জুন, ২০০০ খ্রিস্টাব্দ, এর টেবিল এর কলাম (২) এর উল্লিখিত সেবার কোড S০১০.১০ ও S০১০.২০ এর বিপরীতে কলাম (৩) এ বর্ণিত 'ভূমি উন্নয়ন সংস্থা' বা 'ভবন নির্মাণ সংস্থা'।

৩। **কর ধার্যকরণ ইত্যাদি।**–আইনের অধীন প্রণীত অন্য কোনো বিধিমালায় যাহা কিছুই থাকুক না কেন, এই বিধিমালায় বর্ণিত পদ্ধতিতে ভূমি উন্নয়ন সংস্থা ও ভবন নির্মাণ সংস্থা সেবার ক্ষেত্রে আইনের ধারা-৫ এর উপ-ধারা (৪) এ প্রদত্ত ক্ষমতাবলে জারীকৃত নির্দিষ্ট সেবার ক্ষেত্রে প্রকৃত মূল্য সংযোজনের ভিত্তিতে কর ধার্যকরণ বিধিমালা মোতাবেক প্রযোজ্য হারে কর আদায় করা হইবে।

৪। **কর পরিশোধের সময় ও পদ্ধতি।**–(১) কোনো ফ্ল্যাট, এ্যাপার্টমেন্ট, ভবন বা ভূমি বিক্রয়ের ক্ষেত্রে উহার দলিল রেজিস্ট্রেশনের পূর্বে বিধি-৩ এ উল্লিখিত হারে ভবন নির্মাণ সংস্থা ও ভূমি উন্নয়ন সংস্থাকে কর পরিশোধ করিতে হইবে।

(২) কোনো ফ্ল্যাট, এ্যাপার্টমেন্ট, ভবন বা ভূমি বিক্রয়ের আংশিক বা পূর্ণ মূল্য পরিশোধের সময় বিধি-৩ এর অধীন ধার্যকৃত করের আংশিক বা সমুদয় পরিশোধ করা হইলে দলিল রেজিস্ট্রেশনের সময় পরিশোধিত কর পুনরায় পরিশোধ করিতে হইবে না।

(৩) কোনো ফ্ল্যাট, এ্যাপার্টমেন্ট, ভবন বা ভূমি বিক্রয়ের দলিল রেজিস্ট্রেশনের সময় বিধি-৩ অনুযায়ী ধার্যকৃত করের আংশিক বা সমুদয় অংশ অপরিশোধিত থাকিলে উহা পরিশোধপূর্বক প্রমাণপত্র দাখিল সাপেক্ষে রেজিস্ট্রেশন সম্পন্ন করা যাইবে।

৫। **অপরাধ ও দণ্ড আরোপ।**–(১) কোনো ব্যক্তি যদি এই বিধিমালার কোনো বিধান লঙ্ঘন করেন, তা হইলে উক্ত লঙ্ঘন হইবে একটি অপরাধ এবং তজ্জন্য তিনি আইনের ধারা-৭২ এর উপ-ধারা (৩) এর বিধান অনুযায়ী দণ্ডনীয় হইবেন।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,
আব্দুল মান্নান শিকদার
প্রথম সচিব (মূসক : নীতি ও বাজেট)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
[মূল্য সংযোজন কর]
প্রজ্ঞাপন
তারিখ: ২৪ জ্যৈষ্ঠ, ১৪১৯ বঙ্গাব্দ / ০৭ জুন, ২০১২ খ্রিষ্টাব্দ

এসআরও নং ১৮২-আইন/২০১২/৬৪০-মূসক।–মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৭২, ধারা ৫ এর উপ-ধারা (৪) এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:–

১। **শিরনামা ও প্রবর্তন।**–(১) এই [1][বিধিমালা] নির্দিষ্ট সেবার ক্ষেত্রে মূল্য সংযোজনের নির্ধারিত হারের ভিত্তিতে কর ধার্যকরণ বিধিমালা, ২০১২ নামে অভিহিত হইবে।

(২) এই বিধিমালা ১৭ আষাঢ়, ১৪১৯ বঙ্গাব্দ মোতাবেক ০১ জুলাই, ২০১২ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইবে।

২। **করের ভিত্তি নির্ধারণসহ করের হার ধার্যকরণ, ইত্যাদি।**–(১) মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর আওতায় মূল্য সংযোজন কর আরোপযোগ্য নিম্নে বিধৃত টেবিলের কলাম (১) এ উল্লিখিত শিরনামা সংখ্যা এবং উহার বিপরীতে কলাম (২) এ উল্লিখিত সেবার কোড ও কলাম (৩) এ বর্ণিত সেবা প্রদানকারীগণের উপর কলাম (৪) এ বর্ণিত মূল্য সংযোজনের নির্ধারিত হারের ভিত্তিতে এতদ্দ্বারা কলাম (৫) এ উল্লিখিত মূল্য সংযোজন করের হার ধার্য করা হইল, যথা:–

[2]টেবিল

শিরনামা সংখ্যা	সেবার কোড	সেবা প্রদানকারী	মূল্য সংযোজনের নির্ধারিত হারের ভিত্তি	নীট মূল্য সংযোজন করের হার
(১)	(২)	(৩)	(৪)	(৫)
S০০১	S০০১.২০	রেস্তোরাঁ	(ক) শীতাতপ নিয়ন্ত্রিত রেস্তোঁরা কর্তৃক সেবার বিনিময়ে প্রাপ্ত সমুদয় অর্থের শতকরা একশত ভাগ।	১৫%
			(খ) সাধারণ রেস্তোঁরা (শীতাতপ নিয়ন্ত্রিত নয়) কর্তৃক সেবার বিনিময়ে প্রাপ্ত সমুদয় অর্থের শতকরা পঞ্চাশ ভাগ।	৭.৫%
S০০৩	S০০৩.১০	মোটর গাড়ীর গ্যারেজ এবং ওয়ার্কশপ	যে কোন প্রকার যান্ত্রিক যানবাহন মেরামত বা সার্ভিসিং এর ক্ষেত্রে সংশ্লিষ্ট সেবা প্রদানকারী কর্তৃক উক্ত যানবাহনে	৭.৫%

[1] এসআরও নং ২৩৯-আইন/২০১২/৬৫৬-মূসক, তাং ২৮ জুন, ২০১২ বলে সন্নিবেশিত।
[2] এসআরও নং ১০৮-আইন/২০১৪/৭০৩-মূসক, তাং ০৫ জুন, ২০১৪ বলে প্রতিস্থাপিত।

শিরনামা সংখ্যা	সেবার কোড	সেবা প্রদানকারী	মূল্য সংযোজনের নির্ধারিত হারের ভিত্তি	নীট মূল্য সংযোজন করের হার
(১)	(২)	(৩)	(৪)	(৫)
			সংযোজিত যন্ত্রপাতি বা যন্ত্রাংশের মূল্যসহ সেবার বিনিময়ে প্রাপ্ত সমুদয় অর্থের শতকরা পঞ্চাশ ভাগ।	
S০০৩	S০০৩.২০	ডকইয়ার্ড	যে কোন প্রকার যান্ত্রি ক নৌযান মেরামত বা সার্ভিসিং এর ক্ষেত্রে সেবা প্রদানকারী কর্তৃক উক্ত নৌযান মেরামত বা সার্ভিসিং এ ব্যবহৃত যন্ত্র পাতি ও উপকরণের মূল্যসহ সেবার বিনিময়ে প্রাপ্ত সমুদয় অর্থের শতকরা পঞ্চাশ ভাগ।	৭.৫%
S০০৪	S০০৪.০০	নির্মাণ সংস্থা	যে কোন নির্মাণ কাজের জন্য দরপত্রে উল্লিখিত মূল্যের শতকরা ছত্রিশ দশমিক ছয় সাত ভাগ।	৫.৫%
S০১০	S০১০.১০	ভূমি উন্নয়ন সংস্থা	উন্নয়নকৃত ভূমি বিক্রয় বা হস্তান্তর বাবদ প্রাপ্ত সমুদয় অর্থের শতকরা বিশ ভাগ।	৩%
	[1][S০১০.২০	ভবন নির্মাণ সংস্থা	(ক) ১-১১০০ বর্গফুট পর্যন্ত শতকরা দশ ভাগ (খ) ১১০১-১৬০০ বর্গফুট পর্যন্ত শতকরা ষোল দশমিক ছয় ছয় ভাগ (গ) ১৬০১ বর্গফুট হইতে শতকরা ত্রিশ ভাগ	১.৫% ২.৫% ৪.৫%]
[2][**]				
S০২৪	S০২৪.০০	আসবাবপত্রের বিপণন কেন্দ্র	(ক) উৎপাদন পর্যায়ের সর্বমোট প্রাপ্তির শতকরা চল্লিশ ভাগ; (খ) বিপণন পর্যায়ের সর্বমোট প্রাপ্তির শতকরা ছাব্বিশ দশমিক ছয় সাত ভাগ (উৎপাদন পর্যায়ে ৬% হারে মূসক পরিশোধের চালানপত্র থাকা সাপেক্ষে)।	৬% ৪%
[3][S০২৬	S০২৬.০০	স্বর্ণকার ও রৌপ্যকার	স্বর্ণ, স্বর্ণালংকার, রৌপ্য বা রৌপ্যালংকার এবং স্বর্ণের ও রৌপ্যের বিক্রয় বাবদ প্রাপ্ত সমুদয় অর্থের শতকরা	৫%]

[1] এসআরও নং- ১২৩-আইন/২০১৫/৭২৯-মূসক, তারিখ: ৪ জুন, ২০১৫ বলে প্রতিস্থাপিত।
[2] এসআরও নং- ১২৩-আইন/২০১৫/৭২৯-মূসক, তারিখ: ৪ জুন, ২০১৫ বলে বিলুপ্ত।
[3] এসআরও নং- ১২৩-আইন/২০১৫/৭২৯-মূসক, তারিখ: ৪ জুন, ২০১৫ বলে প্রতিস্থাপিত।

শিরনামা সংখ্যা	সেবার কোড	সেবা প্রদানকারী	মূল্য সংযোজনের নির্ধারিত হারের ভিত্তি	নীট মূল্য সংযোজন করের হার
(১)	(২)	(৩)	(৪)	(৫)
		দোকানদার এবং স্বর্ণ পাকাকারী	তেত্রিশ দশমিক তিন তিন ভাগ।	
[1][S০৩৭	S০৩৭.০০	যোগানদার (Procurement provider)	সেবা প্রদানকারী কর্তৃক সরবরাহকৃত পণ্যের বা সেবার মূল্য বা দরপত্রে উল্লিখিত মূল্যের শতকরা তেত্রিশ দশমিক তিন তিন ভাগ।	৫%]
S০৪৮	S০৪৮.০০	পরিবহন ঠিকাদার	(ক) পেট্রোলিয়ামজাত পণ্য পরিবহনে নিয়োজিত সেবা প্রদানকারী কর্তৃক প্রাপ্ত মোট মূল্যের (প্রযোজ্য ক্ষেত্রে দরপত্রে উল্লিখিত মূল্যের) শতকরা পনের ভাগ; (খ) অন্যান্য পণ্য পরিবহনে নিয়োজিত সেবা প্রদানকারী কর্তৃক প্রাপ্ত মোট মূল্যের (প্রযোজ্য ক্ষেত্রে দরপত্রে উল্লিখিত মূল্যের) শতকরা পঞ্চাশ ভাগ পরিমাণ অর্থ।	২.২৫% ৭.৫%
S০৫৭	S০৫৭.০০	বিদ্যুৎ বিতরণকারী	ব্যবহৃত বিদ্যুতের বিপরীতে প্রাপ্ত মোট বিদ্যুৎ বিলের শতকরা তেত্রিশ দশমিক তিন চার ভাগ;	৫%
S০৬০	S০৬০.০০	নিলামকৃত পণ্যের ক্রেতা	নিলামকৃত পণ্যের বিক্রয় মূল্যের শতকরা ছাব্বিশ দশমিক ছয় সাত ভাগ।	৪%
S০৬৭	S০৬৭.০০	ইমিগ্রেশন উপদেষ্টা	সেবা প্রদানকারী কর্তৃক সেবার বিনিময়ে প্রাপ্ত সমুদয় অর্থের শতকরা পঞ্চাশ ভাগ।	৭.৫%
S০৬৯	S০৬৯.০০	ইংলিশ মিডিয়াম স্কুল	সেবা প্রদানকারী প্রতিষ্ঠান কর্তৃক সেবার বিনিময়ে প্রাপ্ত সমুদয় অর্থের শতকরা পঞ্চাশ ভাগ।	৭.৫%
[2][S০৭০	S০৭০.১০	বেসরকারী বিশ্ববিদ্যালয়	সেবা প্রদানকারী প্রতিষ্ঠান কর্তৃক সেবার বিনিময়ে প্রাপ্ত সমুদয় অর্থের শতকরা পঞ্চাশ ভাগ।	৭.৫%
	S০৭০.২০	বেসরকারী মেডিকেল ও ইঞ্জিনিয়ারিং	সেবা প্রদানকারী প্রতিষ্ঠান কর্তৃক সেবার বিনিময়ে প্রাপ্ত সমুদয় অর্থের শতকরা	৭.৫%]

[1] এসআরও নং- ১২৩-আইন/২০১৫/৭২৯-মূসক, তারিখ: ৪ জুন, ২০১৫ বলে প্রতিস্থাপিত।
[2] এসআরও নং ২২১-আইন/২০১৫/৭৪০-মূসক, তাং ০১ জুলাই, ২০১৫ দ্বারা প্রতিস্থাপিত।

শিরনামা সংখ্যা	সেবার কোড	সেবা প্রদানকারী	মূল্য সংযোজনের নির্ধারিত হারের ভিত্তি	নীট মূল্য সংযোজন করের হার
(১)	(২)	(৩)	(৪)	(৫)
		কলেজ	পঞ্চাশ ভাগ।	
S০৭৪	S০৭৪.০০	স্থান ও স্থাপনা ভাড়া গ্রহণকারী	স্থান ও স্থাপনা ভাড়া গ্রহণের ক্ষেত্রে ভাড়ার সমুদয় অর্থের শতকরা ষাট ভাগ।	৯%
S০৭৮	S০৭৮.০০	নিজস্ব ব্রান্ড সম্বলিত তৈরী পোশাক বিপণন কেন্দ্র	বিপণন পর্যায়ের সর্বমোট প্রাপ্তির শতকরা তেত্রিশ দশমিক তিন চার ভাগ।	৫%
S০৯৯	S০৯৯.১০	তথ্য-প্রযুক্তি নির্ভর সেবা (Information Technology Enabled Services)	সেবা প্রদানকারী কর্তৃক প্রাপ্ত সমুদয় অর্থের শতকরা ত্রিশ ভাগ।	৪.৫%
	S০৯৯.৩০	স্পন্সরশীপ সেবা (Sponsorship Services)	সেবা প্রদানকারী কর্তৃক প্রাপ্ত সমুদয় অর্থের শতকরা পঞ্চাশ ভাগ।	৭.৫%

(২) উপ-বিধি (১) এ বিধৃত টেবিল এর কলাম (৫) এ ধার্যকৃত মূল্য সংযোজন কর সংশ্লিষ্ট সেবা প্রদানকারী বা, ক্ষেত্রমত, সেবা গ্রহণকারী প্রতিষ্ঠান কর্তৃক প্রদেয় হইবে।

৩। **কর রেয়াত**।-(১) বিধি ২ এ বর্ণিত সেবা প্রদানকারীর ক্ষেত্রে উক্ত আইনের ধারা ৯ এর উপ-ধারা (১) এর দফা (জ) এর বিধান অনুসারে কোন উপকরণ কর রেয়াত গ্রহণ করা যাইবে না।

(২) বিধি ২ এ বর্ণিত কোন সেবা প্রদানকারী উক্ত আইনের ধারা ৫ এর উপ-ধারা (৪) এ বর্ণিত সর্বমোট প্রাপ্তির ভিত্তিতে পনের শতাংশ মূল্য সংযোজন কর প্রদান করিলে, উক্ত আইন ও মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর প্রযোজ্য বিধান ও শর্ত পূরণ সাপেক্ষে, তদ্‌কর্তৃক প্রদত্ত সেবায় ব্যবহৃত উপকরণের উপর পরিশোধিত সমুদয় মূল্য সংযোজন কর রেয়াত গ্রহণ করিতে পারিবেন।

৪। **রহিতকরণ**।-এতদ্‌দ্বারা অত্র বোর্ডের ২৭ জ্যৈষ্ঠ, ১৪১৭ বঙ্গাব্দ মোতাবেক ১০ জুন, ২০১০ খ্রিষ্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এসআরও নং ২০১-আইন/২০১০/৫৫০-মূসক রহিত করা হইল।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,
মোঃ শওকাত হোসেন
প্রথম সচিব (মূসক নীতি)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
[মূল্য সংযোজন কর]
প্রজ্ঞাপন

তারিখ, ২৩ জ্যৈষ্ঠ, ১৪২০ বঙ্গাব্দ /০৬ জুন, ২০১৩ খ্রিষ্টাব্দ

এস,আর,ও নং ১৬৮-আইন/২০১৩/৬৭২-মূসক।—মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৩ এর উপ-ধারা (৫) এর দফা (খ) তে প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, উহার ২৬ জ্যৈষ্ঠ, ১৪১৮ বঙ্গাব্দ মোতাবেক ০৯ জুন, ২০১১ খ্রিষ্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ১৭৫-আইন/২০১১/৫৯৮-মূসক রহিতক্রমে নিম্নবর্ণিত টেবিলের কলাম (১) এ উল্লিখিত শিরনামা সংখ্যার বিপরীতে কলাম (২) এ উল্লিখিত সেবার কোডের আওতাধীন কলাম (৩) এ বর্ণিত করযোগ্য সেবার পরিধি নির্ধারণের লক্ষ্যে ব্যাখ্যা প্রদান করিল, যথা:-

"টেবিল

শিরনামা সংখ্যা	সেবার কোড	করযোগ্য সেবা
(১)	(২)	(৩)
S০০১	S০০১.০০	**হোটেল ও রেস্তোরাঁ**
	S০০১.১০	**হোটেল:** **ব্যাখ্যা**।-"হোটেল" অর্থ কোন ক্লাবসহ, এমন কোন প্রতিষ্ঠান, সংস্থা বা স্থান যেখানে সাময়িকভাবে অবস্থানের জন্য কোন কক্ষ বা কক্ষসমূহের স্যুট বা অন্য কোন ধরনের আবাসন, উহাতে ক্যাটারিং এর ব্যবস্থা অথবা যে কোন নামে অভিহিত অন্য কোন সেবা, সুবিধা বা উপযোগিতার ব্যবস্থা থাকুক বা না থাকুক, ভাড়া দেওয়া হয় এবং ফ্লোর শো প্রদর্শনকারী কোন প্রতিষ্ঠানও এই সংজ্ঞার অন্তর্ভুক্ত হইবে।
	S০০১.২০	**রেস্তোরাঁ:** **ব্যাখ্যা**।-"রেস্তোরাঁ" অর্থ কোন ক্লাবসহ, এমন কোন প্রতিষ্ঠান, সংস্থা বা স্থান যেখানে অথবা যে কোন নামে অভিহিত অন্য কোন সেবা, সুবিধা বা উপযোগিতা প্রদান করা হউক বা না হউক, উহাতে বা অন্যত্র ভোগের উদ্দেশ্যে কোন খাদ্য বা পানীয় বিক্রয় করা হয় এবং ফ্লোর শো প্রদর্শনকারী প্রতিষ্ঠানসহ যান্ত্রিক যানে পরিচালিত মোবাইল রেস্তোরাঁও ইহার অন্তর্ভুক্ত হইবে।
S০০২	S০০২.০০	**ডেকোরেটরস ও ক্যাটারার্স:** **ব্যাখ্যা**।-"ডেকোরেটরস ও ক্যাটারার্স" অর্থ কোন দোকান, ফার্ম, প্রতিষ্ঠান বা ব্যক্তিবর্গ যাহা বা যাহারা নিম্নোক্ত এক বা একাধিক সেবা প্রদান করিয়া থাকে, যথা:- (ক) ফুল, ফেস্টুন, বান্টিং, রঙিন কাগজ, কাপড় বা অন্য কোন উপকরণ, যে কোন ধরনের বৈদ্যুতিক বাতি, তোরণ, প্যান্ডেল বা সামিয়ানা দ্বারা কোন প্রাঙ্গণ, ভবন, মাঠ অথবা যানবাহন সজ্জিতকরণ; অথবা (খ) আসবাবপত্র বা ফিক্সচারস দ্বারা কোন ভবন, প্রাঙ্গণ বা মাঠ সজ্জিতকরণ; অথবা

শিরনামা সংখ্যা	সেবার কোড	করযোগ্য সেবা
(১)	(২)	(৩)
		(গ) যে কোন ধরনের উৎসব বা অনুষ্ঠানে লিনেন, ক্রোকারিজ, কাটলারিং বা বাসনপত্র সরবরাহকরণ; অথবা (ঘ) কোন খাদ্য সামগ্রী বা পানীয় প্রস্তুত, সরবরাহ বা পরিবেশনসহ যে কোন ধরনের আপ্যায়ন।
S০০৩	S০০৩.০০	**মোটর গাড়ীর গ্যারেজ, ওয়ার্কসপ এবং ডকইয়ার্ড:**
	S০০৩.১০	**মোটর গাড়ীর গ্যারেজ এবং ওয়ার্কসপ:**
	S০০৩.২০	**ডকইয়ার্ড:** ব্যাখ্যা।– মোটর গাড়ীর গ্যারেজ, ওয়ার্কসপ এবং ডকইয়ার্ড অর্থ এমন কোন প্রতিষ্ঠান, সংস্থা বা স্থান যেখানে যে কোন প্রকারের যান্ত্রিক যানবাহন বা নৌযান মেরামত, রূপান্তর (কনভার্সন) বা সার্ভিসিং করা হয় অথবা উহাদের যন্ত্রাংশের বা আকৃতির কোন পরিবর্তন করা হয়।
S০০৪	S০০৪.০০	**নির্মাণ সংস্থা:** ব্যাখ্যা।– (১) "নির্মাণ সংস্থা" অর্থ এমন কোন প্রতিষ্ঠান, সংস্থা বা ব্যক্তি যাহা বা যিনি বাণিজ্যিক ভিত্তিতে ভবন, যোগাযোগ মাধ্যম, পরিবহণ, সড়ক, মহাসড়ক, সেতু বা অন্য যে কোন ধরনের অবকাঠামো নির্মাণ, মেরামত বা রক্ষণাবেক্ষণ করিয়া থাকে বা থাকেন এবং কোন অবকাঠামোর সহিত সংযুক্ত হয় বা উহার অংশ হিসাবে ব্যবহৃত হয় এইরূপ যে কোন ধরনের স্থায়ী বা অস্থায়ী সংস্থাপনও (যেমন: শীতাতপ নিয়ন্ত্রণ ব্যবস্থা, ফল্‌স সিলিং, লিফট ইত্যাদি) ইহার অন্তর্ভুক্ত হইবে।
S০০৫	S০০৫.০০	**পণ্যাগার ও বন্দর:**
	S০০৫.১০	**পণ্যাগার:** ব্যাখ্যা।– "পণ্যাগার" অর্থ এমন কোন উন্মুক্ত বা অন্যবিধ স্থান যেখানে যে কোন পণ্য, পণের বিনিময়ে বা অন্য কোনভাবে মজুদ বা সংরক্ষণের ব্যবস্থা করা হয়; উক্তরূপ যে কোন পণ্য মজুদ বা সংরক্ষণের সহায়ক প্রত্যক্ষ বা পরোক্ষ সকল প্রস্তুতিমূলক কর্মকাণ্ডও ইহার অন্তর্ভুক্ত হইবে।
	S০০৫.২০	**বন্দর:** ব্যাখ্যা।- "বন্দর" অর্থ এমন কোন উন্মুক্ত বা অন্যবিধ স্থান যেখানে আমদানিকৃত বা রপ্তানিযোগ্য যে কোন পণ্য বা পণ্যের বিনিময়ে বা অন্য কোনভাবে মজুদ বা সংরক্ষণের ব্যবস্থা করা হয় এবং উক্তরূপ যে কোন পণ্য মজুদ বা সংরক্ষণের সহায়ক প্রত্যক্ষ ও পরোক্ষ সকল প্রস্তুতিমূলক কর্মকান্ডসহ মজুদকৃত অথবা সংরক্ষিত উক্তরূপ কোন পণ্যের নিরাপত্তা স্ক্যানিং সেবাসহ পণ্য চালানের নিস্পত্তি বিষয়ক সকল কর্মকান্ড এবং এতদুদ্দেশ্যে পরিচালিত আইসিডি (ICD-Inland Container Deport) এবং সিএফএস (CFS-Container Freight Station) ও এই সেবার অন্তর্ভুক্ত হইবে।
S০০৬	S০০৬.০০	**হিমাগার:**

শিরনামা সংখ্যা	সেবার কোড	করযোগ্য সেবা
(১)	(২)	(৩)
		ব্যাখ্যা।– "হিমাগার" অর্থ এমন কোন স্থান যেখানে তাপ নিয়ন্ত্রণ পদ্ধতিতে বা অন্য কোন পদ্ধতিতে পণ্যের গুণগতমান অপরিবর্তিত রাখার জন্য বাণিজ্যিক ভিত্তিতে কোন পণ্য সংরক্ষণের ব্যবস্থা রহিয়াছে।
S০০৭	S০০৭.০০	**বিজ্ঞাপনী সংস্থা:** ব্যাখ্যা।- (ক) "বিজ্ঞাপনী সংস্থা" অর্থ কোন পণ্যের বা সেবার প্রচারণার বা অন্য কোন প্রচারণার উদ্দেশ্যে, বাণিজ্যিক ভিত্তিতে যে কোন নামের বা ধরনের বিজ্ঞাপন প্রস্তুতকরণে বা উক্ত উদ্দেশ্যে প্রস্তুতকৃত কোন বিজ্ঞাপন যে কোন মাধ্যমে বা অন্য কোন পন্থায় প্রচারকরণে বা প্রচার কার্যে সহায়তাকরণে নিয়োজিত কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা; এবং (খ) কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থার ওয়েবসাইট বা কোন পত্রিকা, সাময়িকী, ম্যাগাজিন, ইত্যাদি এর অনলাইন সংস্করণে বিজ্ঞাপন প্রচার করা হইলে উহাও বিজ্ঞাপনী সংস্থার অন্তর্ভুক্ত হইবে।
S০০৮	S০০৮.০০	**ছাপাখানা ও বাঁধাই সংস্থা:**
	S০০৮.১০	**ছাপাখানা:** ব্যাখ্যা।- "ছাপাখানা" অর্থ কোন পুস্তক বা পত্রিকা ছাপার কাজে অথবা অন্য যে কোন নামের বা ধরনের ছাপার কাজে নিয়োজিত প্রতিষ্ঠান, সংস্থা বা ব্যক্তি।
	S০০৮.২০	**বাঁধাই সংস্থা:** ব্যাখ্যা।– "বাঁধাই সংস্থা" অর্থ কোন পুস্তক, পত্রিকা বা অন্য কোন দলিল দস্তাবেজ বা খাতাপত্র বাঁধাইয়ের কাজে নিয়োজিত প্রতিষ্ঠান, সংস্থা বা ব্যক্তি।
S০০৯	S০০৯.০০	**নিলামকারী সংস্থা:** ব্যাখ্যা।-"নিলামকারী সংস্থা" অর্থ সরকারী এবং বেসরকারী নিলামের আয়োজনে বা পরিচালনা কার্যে নিয়োজিত কোন প্রতিষ্ঠান, সংস্থা বা ব্যক্তি।
[1]S০১০	S০১০.০০	**ভূমি উন্নয়ন সংস্থা ও ভবন নির্মাণ সংস্থা:**
	S০১০.১০	**ভূমি উন্নয়ন সংস্থা:** ব্যাখ্যা।– "ভূমি উন্নয়ন সংস্থা" অর্থ বাণিজ্যিক ভিত্তিতে ক্রয়কৃত বা অন্য যে কোন উপায়ে প্রাপ্ত ভূমির উন্নয়ন সাধন বা চুক্তির মাধ্যমে ভূমির উন্নয়ন সাধনপূর্বক ইজারার মাধ্যমে বা অন্য কোনভাবে পণের বিনিময়ে উক্ত উন্নয়নকৃত ভূমি বিক্রয় বা হস্তান্তরকার্যে নিয়োজিত কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা।
	S০১০.২০	**ভবন নির্মাণ সংস্থা:** ব্যাখ্যা।– "ভবন নির্মাণ সংস্থা" অর্থে বাণিজ্যিক ভিত্তিতে ক্রয়কৃত বা অন্য যে কোন উপায়ে প্রাপ্ত ভূমির উপর ভবন নির্মাণপূর্বক ইজারার মাধ্যমে বা অন্য কোনভাবে পণের বিনিময়ে বাণিজ্যিক ভিত্তিতে উক্ত নির্মিত ভবন বিক্রয় অথবা হস্তান্তরকার্যে নিয়োজিত কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা, এবং অন্য যে কোন উপায়ে প্রাপ্ত ভূমির

[1] এসআরও নং ২০১-আইন/২০১৪/৭০২-মূসক, তাং ০৫ জুন, ২০১৪ বলে প্রতিস্থাপিত।

শিরনামা সংখ্যা	সেবার কোড	করযোগ্য সেবা
(১)	(২)	(৩)
		উপর পণ্যের বিনিময়ে ভবন নির্মাণপূর্বক হস্তান্তর কার্যক্রমও ইহার অন্তর্ভুক্ত হইবে।]
S০১১	S০১১.০০	**ভিডিও ক্যাসেট সপ, ভিডিও গেম সপ, অডিও ভিডিও রেকর্ডিং সপ, অডিও ও ভিডিও সিডি ভাড়া প্রদানকারী সপ:**
	S০১১.১০	**ভিডিও ক্যাসেট সপ:**
	S০১১.২০	**ভিডিও গেম সপ:**
	S০১১.৩০	**অডিও, ভিডিও রেকর্ডিং সপ:**
	S০১১.৪০	**ভিডিও ও অডিও সিডি ভাড়া প্রদানকারী সপ:** ব্যাখ্যা।- "ভিডিও ক্যাসেট সপ, ভিডিও গেম সপ, অডিও, ভিডিও রেকর্ডিং সপ, অডিও এবং ভিডিও সিডি ভাড়া প্রদানকারী সপ" অর্থ বাণিজ্যিক ভিত্তিতে ভিডিও ক্যাসেট বা ভিডিও গেম বা অডিও ও ভিডিও সিডি বিক্রয় অথবা উহা সাময়িকভাবে ব্যবহারের সুযোগ প্রদান অথবা অডিও বা ভিডিও বা ভিডিও সিডি রেকর্ডিং এর কাজে নিয়োজিত কোন প্রতিষ্ঠান, সংস্থা বা ব্যক্তি।
"S০১২	S০১২.০০	**টেলিফোন, টেলিপ্রিন্টার, টেলেক্স, ফ্যাক্স বা ইন্টারনেট সংস্থা ও সিম কার্ড সরবরাহকারী:**
	S০১২.১০	**টেলিফোন:**
	S০১২.১১	**টেলিপ্রিন্টার:**
	S০১২.১২	**টেলেক্স:**
	S০১২.১৩	**ফ্যাক্স:**
	S০১২.১৪	**ইন্টারনেট সংস্থা:** ব্যাখ্যা।- "টেলিফোন, টেলিপ্রিন্টার, টেলেক্স, ফ্যাক্স বা ইন্টারনেট সংস্থা" অর্থ টেলিফোন, টেলিপ্রিন্টার, টেলেক্স, ফ্যাক্স বা ইন্টারনেট এর মাধ্যমে বাণিজ্যিক ভিত্তিতে যোগাযোগ স্থাপন, তথ্য বা উপাত্ত আদান-প্রদানের ব্যবস্থাকারী কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা।
	S০১২.২০	**সিম কার্ড সরবরাহকারী** ব্যাখ্যা।- "সিম কার্ড সরবরাহকারী" অর্থ পণ্যের বিনিময়ে Subscriber's Identity Module (SIM) কার্ড, Removable User Identification Module (RUIM) কার্ড বা অনুরূপ অন্য কোন microchip সম্বলিত কার্ডের মাধ্যমে সেলুলার (Mobile/ Fixed Wireless) টেলিফোন সংযোগ প্রদানকারী সংস্থা; এবং একই উদ্দেশ্য পূরণকল্পে উল্লিখিত কার্ড ব্যতীত Code Division Multiple Access (CDMA) বা অনুরূপ অন্য কোন পদ্ধতি ব্যবহারও এই সেবার অন্তর্ভুক্ত হইবে।"
S০১৩	S০১৩.০০	**যান্ত্রিক লন্ড্রি:** ব্যাখ্যা।- "যান্ত্রিক লন্ড্রি" অর্থ বাণিজ্যিক ভিত্তিতে যান্ত্রিক পদ্ধতিতে কোন পোষাক, পরিচ্ছদ বা উহার অংশ বিশেষ বা যে কোন ধরনের বস্ত্র, আ ছাদন বা মোড়ক ধোলাই, ইস্ত্রি, রং, রিপু, কাটা বা পলিস করার কার্যে নিয়োজিত কোন স্থান,

শিরনামা সংখ্যা	সেবার কোড	করযোগ্য সেবা
(১)	(২)	(৩)
		প্রতিষ্ঠান বা সংস্থা।
S০১৪	S০১৪.০০	**ইনডেনটিং সংস্থা:** ব্যাখ্যা।- "ইনডেনটিং সংস্থা" অর্থ দেশী বা বিদেশী ক্রেতা এবং বিক্রেতার মধ্যে বাণিজ্যিক ভিত্তিতে পণ্য বা সেবা ক্রয়-বিক্রয় বা আদান-প্রদান সম্পর্কিত যোগাযোগ স্থাপন অথবা অনুরূপ ক্রয়-বিক্রয় বা আদান-প্রদান সংক্রান্ত চুক্তি সম্পাদনে প্রয়োজনীয় সমন্বয় কার্যে নিয়োজিত কোন প্রতিষ্ঠান বা সংস্থা।
S০১৫	S০১৫.০০	**ফ্রেইট ফরোয়ার্ডার্স এবং ক্লিয়ারিং ও ফরোয়ার্ডিং সংস্থা:**
	S০১৫.১০	**ফ্রেইট ফরোয়ার্ডার্স:** ব্যাখ্যা।- "ফ্রেইট ফরোয়ার্ডার্স" অর্থ পণ্যের বিনিময়ে পণ্য মোড়কজাতকরণ বা অন্যের দ্বারা মোড়কজাতকৃত বা মোড়কজাতকরণ ব্যতীত কোন পণ্য বুকিং এর মাধ্যমে গন্তব্যস্থলে প্রেরণের জন্য বাণিজ্যিক ভিত্তিতে পরিবহন ব্যবসা সংক্রান্ত কার্য সম্পাদনকারী ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা।
	S০১৫.২০	**ক্লিয়ারিং ও ফরোয়ার্ডিং সংস্থা:** ব্যাখ্যা।- "ক্লিয়ারিং ও ফরোয়ার্ডিং সংস্থা" অর্থ বিদেশ হইতে আমদানিকৃত বা বিদেশে রপ্তানিযোগ্য কোন পণ্য পণ্যের বিনিময়ে বা খোদ খালাসী (self clearance) এর উদ্দেশ্যে শুল্ক আনুষ্ঠানিকতা সম্পন্ন করার লক্ষ্যে Customs Act, 1969 (Act No. IV of 1969) এর section 207 এর অধীন লাইসেন্স প্রাপ্ত কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা।
S০১৬	S০১৬.০০	**ট্রাভেল এজেন্সি:** ব্যাখ্যা।- "ট্রাভেল এজেন্সি" অর্থ কমিশন ভিত্তিতে কোন যাত্রী পরিবহণ প্রতিষ্ঠানের পক্ষে যাত্রী সাধারণের নিকট এক স্থান হইতে অন্য স্থানে যাতায়াতের জন্য টিকিট বিক্রয় কার্যে নিয়োজিত কোন প্রতিষ্ঠান বা সংস্থা।
S০১৭	S০১৭.০০	**কম্যুনিটি সেন্টার:** ব্যাখ্যা।- "কম্যুনিটি সেন্টার" অর্থ বিবাহ, জন্মদিন, সেমিনার, সিম্পোজিয়াম বা অন্য কোন সাংস্কৃতিক, সামাজিক বা রাজনৈতিক অনুষ্ঠান সম্পাদনের নিমিত্ত সাময়িকভাবে ভাড়া প্রদত্ত কোন ভবন বা প্রাঙ্গন এবং তদসংশ্লিষ্ট অনুষ্ঠান সম্পাদন সংক্রান্ত কার্যাবলীর মধ্যে খাদ্য পরিবেশনও অন্তর্ভুক্ত হইবে।
S০১৮	S০১৮.০০	**চলচ্চিত্র স্টুডিও:** ব্যাখ্যা।- "চলচ্চিত্র স্টুডিও" অর্থ চলচ্চিত্র রেকর্ডিং এর সুবিধা সম্বলিত কোন স্থান, প্রাঙ্গণ বা ভবন যাহা অর্থের বিনিময়ে ব্যবহার করার সুযোগ প্রদান করা হয়।
S০১৯	S০১৯.০০	**ফটো নির্মাতা:** ব্যাখ্যা।- "ফটো নির্মাতা" অর্থ বাণিজ্যিক ভিত্তিতে রঙ্গিন বা সাদাকালো ফটো প্রস্তুতকরণ বা ফিল্ম প্রক্রিয়াকরণে নিয়োজিত কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান বা সংস্থা
S০২০	S০২০.০০	**জরিপ সংস্থা:** ব্যাখ্যা।- "জরিপ সংস্থা" অর্থ বাণিজ্যিক ভিত্তিতে আমদানিকৃত, রপ্তানিতব্য,

শিরনামা সংখ্যা	সেবার কোড	করযোগ্য সেবা
(১)	(২)	(৩)
		দেশের অভ্যন্তরে মজুদকৃত বা সরবরাহকৃত পণ্যের জরিপ কার্যে অথবা বীমা সংক্রান্ত জরিপ কার্যে অথবা ভূমি জরিপসহ সকল প্রাকৃতিক, আর্থিক, মানব ও কারিগরি সম্পদ পরিমাপ বা জরিপ কার্যে বা আর্থ-সামাজিক জরিপ কার্যে বা অন্য যে কোন জরিপ কার্যে নিয়োজিত যে কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা, এবং পণ্যের বিনিময়ে যে কোন ধরনের ভৌত বা রাসায়নিক পরীক্ষা সম্পাদনকারী বা যে কোন বিষয়ের সম্ভাব্যতা যাচাইকারী বা কোনো প্রতিষ্ঠানের মান (standardization) প্রত্যয়ন বা পারফরমেন্স অডিট সম্পাদনকারী প্রতিষ্ঠান এবং মেরিন সার্ভেয়ার প্রতিষ্ঠানও ইহার অন্তর্ভুক্ত হইবে।
S০২১	S০২১.০০	**প্ল্যান্ট বা মূলধনী যন্ত্রপাতি ভাড়া প্রদানকারী সংস্থা:** ব্যাখ্যা।– "প্ল্যান্ট বা মূলধনী যন্ত্রপাতি ভাড়া প্রদানকারী সংস্থা" অর্থ অর্থের বিনিময়ে কোন প্ল্যান্ট বা মূলধনী যন্ত্রপাতি অন্য কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থাকে ব্যবহারের সুযোগ প্রদানকারী কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা।
S০২২	[1][S০২২.০০	**মিষ্টান্ন ভাণ্ডার:** ব্যাখ্যা।– "মিষ্টান্ন ভাণ্ডার" অর্থ মিষ্টান্ন বা মিষ্টান্নজাতীয় খাদ্য সামগ্রী প্রস্তুতকরণ বা বিক্রয়ে নিয়োজিত কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা।]
S০২৩	S০২৩.১০	চলচ্চিত্র প্রদর্শক (প্রেক্ষাগৃহ): ব্যাখ্যা।– "চলচ্চিত্র প্রদর্শক" অর্থ দর্শকদের উপভোগের জন্য বাণিজ্যিক ভিত্তিতে চলচ্চিত্র প্রদর্শনকারী বা প্রদর্শনের ব্যবস্থাপনাকারী কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা।
	S০২৩.২০	চলচ্চিত্র পরিবেশক: ব্যাখ্যা।– "চলচ্চিত্র পরিবেশক" অর্থ চলচ্চিত্র প্রযোজনা বা নির্মাতা বা নিবেদক সংস্থা বা প্রতিষ্ঠানের নিকট হইতে সংগৃহীত চলচ্চিত্র অর্থের বিনিময়ে চলচ্চিত্র প্রদর্শক (প্রেক্ষাগৃহ) বা সম্প্রচার কর্তৃপক্ষ বা অন্য কোন ব্যক্তি বা সংস্থার নিকট হস্তান্তরকারী কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা।
S০২৪	[2]S০২৪.০০	**আসবাবপত্রের বিপণন কেন্দ্র:** ব্যাখ্যা।– "আসবাবপত্রের বিপণন কেন্দ্র" অর্থ নিজস্ব প্রস্তুতকৃত বা অন্যের দ্বারা প্রস্তুতকৃত যে কোন আসবাবপত্র পণ্যের বিনিময়ে বিক্রয়ের স্থান এবং উক্তরূপ আসবাবপত্রের প্রস্তুত ও মেরামতের স্থানও উহার অন্তর্ভুক্ত হইবে।
S০২৫	S০২৫.০০	**ওয়াসা:** ব্যাখ্যা।– "ওয়াসা" অর্থ পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ আইন, ১৯৯৬ (১৯৯৬ সনের ৬ নং আইন) এর ধারা ৩ এর অধীন প্রতিষ্ঠিত পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ।
S০২৬	S০২৬.০০	**স্বর্ণকার ও রৌপ্যকার এবং স্বর্ণের ও রৌপ্যের দোকানদার এবং স্বর্ণ পাকাকারী:**

[1] এসআরও নং ২২৮-আইন/২০১৩/৬৮৪-মূসক, তাং ০২ জুলাই, ২০১৩ বলে সন্নিবেশিত।
[2] এসআরও নং ২২৮-আইন/২০১৩/৬৮৪-মূসক, তাং ০২ জুলাই, ২০১৩ বলে সন্নিবেশিত।

শিরনামা সংখ্যা	সেবার কোড	করযোগ্য সেবা
(১)	(২)	(৩)
		ব্যাখ্যা।– (১) "স্বর্ণকার ও রৌপ্যকার এবং স্বর্ণ ও রৌপ্যের দোকানদার কর্তৃক প্রদত্ত সেবা" অর্থ মজুরী বা সার্ভিস চার্জের বিনিময়ে স্বর্ণ বা রৌপ্যের কিংবা স্বর্ণ ও রৌপ্যের অলংকার প্রস্তুত, মেরামত, মজুদ বা বিপণন কার্যে নিয়োজিত কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা; এবং (২) "স্বর্ণ পাকাকারী" অর্থ স্বর্ণ গলাইয়া বা পরিষ্কার করিয়া বা অন্য কোন পদ্ধতিতে তেজাবি স্বর্ণ বা স্বর্ণ পিন্ড প্রস্তুত ও বিপণনকারী।
S০২৭	S০২৭.০০	**বীমা কোম্পানী:** ব্যাখ্যা।– "বীমা কোম্পানী" অর্থ অগ্নি, নৌ, বিমান, মটর, স্বাস্থ্যগত দুর্ঘটনাসহ অন্যান্য যে কোন দুর্ঘটনার ক্ষেত্রে বীমা পলিসি (জীবন বীমা পলিসি ব্যতীত) এর মাধ্যমে ক্ষতিপূরণ ব্যবস্থা সংক্রান্ত ব্যবসা পরিচালনায় নিয়োজিত কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা।
S০২৮	S০২৮.০০	**কুরিয়ার (courier) ও এক্সপ্রেস মেইল সার্ভিস:** ব্যাখ্যা।– "কুরিয়ার (courier) ও এক্সপ্রেস মেইল সার্ভিস" অর্থ দেশের অভ্যন্তরে অথবা দেশের বাহিরে অর্থের বিনিময়ে বার্তা, সংবাদ, তথ্য, দলিলপত্র, পণ্য বা পার্সেল (ওজনসীমা ১০ কেজি পর্যন্ত) প্রেরণে এবং দেশের অভ্যন্তরে ফি বা চার্জের বিনিময়ে মোবাইল, ইন্টারনেট, ফোন, ফ্যাক্স বা অন্যকোনো ইলেক্ট্রনিক মিডিয়া এর মাধ্যমে যোগাযোগের ভিত্তিতে অর্থ আদান-প্রদানে নিয়োজিত ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা (সরকারী ডাক বিভাগ এবং সেবা শিরোনামা সংখ্যা S০১৫ এ বর্ণিত ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা ব্যতীত), তবে সরকারী ডাক বিভাগ বা বেসরকারী যেকোন সংস্থা কর্তৃক প্রদত্ত এক্সপ্রেস মেইল ইহার অন্তর্ভুক্ত হইবে।
S০২৯	S০২৯.০০	(বিলুপ্ত)
	S০২৯.১০	(বিলুপ্ত)
	S০২৯.২০	(বিলুপ্ত)
	S০২৯.৩০	(বিলুপ্ত)
S০৩০	S০৩০.০০	**বিউটি পার্লার:** ব্যাখ্যা।– "বিউটি পার্লার" অর্থ এমন কোন স্থান, প্রতিষ্ঠান বা সংস্থা যেইখানে বাণিজ্যিক ভিত্তিতে নারী বা পুরুষ বা উভয়ের কেশসজ্জা, অঙ্গসজ্জা বা রূপসজ্জামূলক সেবা প্রদানের বা তদানুষঙ্গিক কোন সুযোগ-সুবিধা প্রদানের ব্যবস্থা রহিয়াছে।
S০৩১	S০৩১.০০	**পণ্যের বিনিময়ে করযোগ্য পণ্য মেরামত বা সার্ভিসিং এর কাজে নিয়োজিত ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থাঃ** ব্যাখ্যা।– "পণ্যের বিনিময়ে করযোগ্য পণ্য মেরামত বা সার্ভিসিং এর কাজে নিয়োজিত ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা" অর্থ পণ্যের বিনিময়ে নিজস্ব প্ল্যান্ট, মেশিনারী বা যন্ত্রপাতি দ্বারা অন্যের মালিকানাধীন কোন করযোগ্য পণ্য মেরামত বা সার্ভিসিং

শিরনামা সংখ্যা	সেবার কোড	করযোগ্য সেবা
(১)	(২)	(৩)
		এর কাজে নিয়োজিত কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা।
S০৩২	S০৩২.০০	**কনসালটেন্সী ফার্ম ও সুপারভাইজরী ফার্ম:** ব্যাখ্যা।- "কনসালটেন্সী ফার্ম বা সুপারভাইজরী ফার্ম" অর্থ পণের বিনিময়ে যেকোন পরামর্শক-সেবা প্রদানে নিয়োজিত কোন ব্যক্তি, সংস্থা বা প্রতিষ্ঠান যিনি কোন সম্ভাব্যতা যাচাই, প্রকল্প প্রণয়ন বা বাস্তবায়ন বা পরিকল্পনা প্রণয়ন বা বাস্তবায়নের পরামর্শ প্রদান করেন অথবা উহা বাস্তবায়নের তদারকি করেন।
S০৩৩	S০৩৩.০০	**ইজারাদার:** ব্যাখ্যা।- "ইজারাদার" অর্থ পণের বিনিময়ে কোন স্থান বা স্থাপনার অথবা কোন স্থাবর সম্পত্তি বা কোন স্থানে প্রবেশাধিকারের ইজারা গ্রহণকারী ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা এবং উক্তরূপ ইজারা প্রদান ব্যতিরেকে নিজস্ব ব্যবস্থাপনায় ইজারার স্থান বা স্থাপনার টোল, ফি, হাসিল বা খাস সংগ্রহকারীও ইহার অন্তর্ভুক্ত হইবেন।
S০৩৪	S০৩৪.০০	**অডিট এন্ড এ্যাকাউন্টিং ফার্ম:** ব্যাখ্যা।- "অডিট এন্ড এ্যাকাউন্টিং ফার্ম" অর্থ পণের বিনিময়ে কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের বার্ষিক বা কোন নির্দিষ্ট মেয়াদের আয়-ব্যয় নিরীক্ষা অথবা হিসাব পরীক্ষা বা সংরক্ষণের কাজে নিয়োজিত কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা।
S০৩৫	S০৩৫.০০	**শিপিং এজেন্ট:** ব্যাখ্যা।- "শিপিং এজেন্ট" অর্থ Customs Act, 1969 (Act No. IV of 1969) এর section 2(g) তে সংজ্ঞায়িত "conveyance" এর আগমন, অবস্থান ও প্রস্থানে সংশ্লিষ্ট ব্যবসা পরিচালনাকারী ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা এবং কোন বিদেশী শিপিং লাইনের স্থানীয় এজেন্টও ইহার অন্তর্ভুক্ত হইবে।
S০৩৬	S০৩৬.০০	**শীতাতপ নিয়ন্ত্রিত বা তাপানুকূল বাস, লঞ্চ ও রেলওয়ে সার্ভিস:**
	S০৩৬.১০	**শীতাতপ নিয়ন্ত্রিত বা তাপানুকূল বাস সার্ভিস:** ব্যাখ্যা।- "শীতাতপ নিয়ন্ত্রিত বা তাপানুকূল বাস সার্ভিস" অর্থ এমন কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা যিনি শীতাতপ নিয়ন্ত্রিত বা তাপানুকূল বাস, মিনিবাস বা কোষ্টারের মাধ্যমে যাত্রী পরিবহণ ব্যবসায়ে নিয়োজিত।
	S০৩৬.২০	**শীতাতপ নিয়ন্ত্রিত বা তাপানু কূল লঞ্চ সার্ভিস:** ব্যাখ্যা।- "শীতাতপ নিয়ন্ত্রিত বা তাপানুকূল লঞ্চ সার্ভিস" অর্থ এমন কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা যিনি এক বা একাধিক শীতাতপ নিয়ন্ত্রিত বা তাপানুকূল কেবিন বা কক্ষ বিশিষ্ট লঞ্চ বা ষ্টীমারের মাধ্যমে যাত্রী পরিবহণ ব্যবসায়ে নিয়োজিত।
	S০৩৬.৩০	**শীতাতপ নিয়ন্ত্রিত বা তাপানুকূল রেলওয়ে সার্ভিস:** ব্যাখ্যা।- "শীতাতপ নিয়ন্ত্রিত বা তাপানুকূল রেলওয়ে সার্ভিস" অর্থ এমন কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা যিনি এক বা একাধিক শীতাতপ নিয়ন্ত্রিত বা তাপানুকূল কেবিন বা কক্ষ বিশিষ্ট ট্রেনের মাধ্যমে যাত্রী পরিবহণ ব্যবসায়ে নিয়োজিত।

শিরনামা সংখ্যা	সেবার কোড	করযোগ্য সেবা
(১)	(২)	(৩)
S০৩৭	S০৩৭.০০	**যোগানদার (Procurement Provider):** ব্যাখ্যা।- "যোগানদার" অর্থ কোটেশন বা দরপত্র বা অন্যবিধভাবে বিভিন্ন সরকারী, আধা সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান, বেসরকারী সংস্থা (এনজিও), ব্যাংক বীমা বা অন্য কোন আর্থিক প্রতিষ্ঠান, লিমিটেড কোম্পানী [1][, ১(এক) কোটি টাকার অধিক বার্ষিক টার্নওভারযুক্ত প্রতিষ্ঠান] বা শিক্ষা প্রতিষ্ঠান এর নিকট পণের বিনিময়ে করযোগ্য পণ্য বা সেবা বা উভয়ই সরবরাহ করেন এমন কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা।
S০৩৮	S০৩৮.০০	**বিদেশী শিল্পী সহযোগে বিনোদনমূলক সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজক:** ব্যাখ্যা।- "বিদেশী শিল্পী সহযোগে বিনোদনমূলক সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজক" অর্থ পণ বা সম্মানীর বিনিময়ে বাংলাদেশের নাগরিক নহেন এমন কোন শিল্পী অথবা বাংলাদেশের নাগরিক নহেন এমন কোন শিল্পী সংস্থা সহযোগে নৃত্য, সংগীত, ব্যান্ড শো, কনসার্ট বা অন্য যে কোন নামের বা ধরনের সাংস্কৃতিক অনুষ্ঠান, জলসা বা শো আয়োজন করেন এমন কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা।
S০৩৯	S০৩৯.০০	**স্যাটেলাইট ক্যাবল অপারেটর ও স্যাটেলাইট চ্যানেল ডিস্ট্রিবিউটর:**
	S০৩৯.১০	**স্যাটেলাইট ক্যাবল অপারেটর:** ব্যাখ্যা।- "স্যাটেলাইট ক্যাবল অপারেটর" অর্থ ডিশ এন্টেনা বা অন্য কোন মাধ্যমে স্যাটেলাইট প্রোগ্রাম গ্রহণপূর্বক তাহা ক্যাবল বা তারের মাধ্যমে বাণিজ্যিক ভিত্তিতে পণের বিনিময়ে অফিস, বাড়ী, ব্যবসাস্থল, অন্যকোন স্থানে বা অঙ্গণে সংযোগদান করেন এমন কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা।
	S০৩৯.২০	**স্যাটেলাইট চ্যানেল ডিস্ট্রিবিউটর:** ব্যাখ্যা।- "স্যাটেলাইট চ্যানেল ডিস্ট্রিবিউটর" অর্থ ডিশ এন্টেনা বা অন্য কোন মাধ্যমে স্যাটেলাইট টিভি চ্যানেলের প্রোগ্রাম গ্রহণপূর্বক তা ক্যাবল বা অন্য কোন মাধ্যমে স্যাটেলাইট ক্যাবল অপারেটর, অন্য কোন ব্যক্তি বা সংস্থাকে পণের বিনিময়ে সংযোগদান করেন, উক্তরূপ প্রোগ্রাম ধরনের স্বত্ব বা অধিকার প্রদান করেন অথবা যান্ত্রিক সংযোগ দ্বারা উক্তরূপ প্রোগ্রাম দর্শন বা প্রচারের অনুমতি প্রদান করেন এমন কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা, যিনি বাংলাদেশে মূল চ্যানেল মালিকের প্রতিনিধিত্ব করেন।
S০৪০	S০৪০.০০	**সিকিউরিটি সার্ভিস:** ব্যাখ্যা।- "সিকিউরিটি সার্ভিস" অর্থ বাণিজ্যিক ভিত্তিতে যে কোন স্থাবর বা অস্থাবর সম্পত্তি, ভবন, কমপ্লেক্স, অংগন, অফিস বা অন্য যে কোন ধরণের স্থাপনার বা কোন ব্যক্তির ব্যক্তিগত নিরাপত্তা বিধানের জন্য প্রহরী, কর্মী, জনবল বা যন্ত্রপাতি সরবরাহ কাজে নিয়োজিত কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান।
S০৪২	S০৪২.০০	**স্বয়ংক্রিয় বা যন্ত্রচালিত করাতকল:**

[1] এসআরও নং ২১৮-আইন/২০১৫/৭৩৭-মূসক, তাং ০১ জুলাই, ২০১৫ দ্বারা সন্নিবেশিত।

শিরনামা সংখ্যা	সেবার কোড	করযোগ্য সেবা
(১)	(২)	(৩)
		ব্যাখ্যা।- "স্বয়ংক্রিয় বা যন্ত্রচালিত করাতকল" অর্থ স্বয়ংক্রিয় বা যন্ত্রচালিত করাত কল যাহার দ্বারা কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান পণের বিনিময়ে গাছ, গাছের কান্ড বা গুড়ি বা শাখা প্রশাখা চেরাই কিংবা যে কোন ধরনের কাঠ কর্তন, চেরাই, মসৃণ করার কাজ করিয়া থাকেন এবং কাঠ সিজনিং প্লান্টও ইহার অন্তর্ভুক্ত হইবে।
S০৪৪	S০৪৪.০০	(বিলুপ্ত)
S০৪৫ ,	S০৪৫.০০	**আইন পরামর্শক:** ব্যাখ্যা।- "আইন পরামর্শক" অর্থ এমন কোন ব্যক্তি, আইনজীবী অথবা কতিপয় আইনজীবী সমন্বয়ে গঠিত যে কোন চেম্বার বা প্রতিষ্ঠান, যিনি এককভাবে কিংবা এক বা একাধিক জুনিয়র আইনজীবী সহযোগে নিজস্ব বাসভবনে অথবা এককভাবে কিংবা এক বা একাধিক জুনিয়র আইনজীবী সহযোগে অন্য কোথাও স্থাপিত চেম্বারে বা প্রতিষ্ঠানে কোন ফৌজদারী বা দেওয়ানী প্রকৃতির মামলা অথবা অন্য কোন বিষয়ে পণের বিনিময়ে কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান বা সংস্থা বা কোম্পানীকে আইনানুগ পরামর্শ প্রদানসহ প্রত্যক্ষ বা পরোক্ষভাবে উক্ত বিষয় সম্পর্কিত কার্যনির্বাহ করিয়া থাকেন।
S০৪৬	S০৪৬.০০	**হেলথ্ ক্লাব ও ফিটনেস সেন্টার:** ব্যাখ্যা।- "হেলথ্ ক্লাব ও ফিটনেস সেন্টার" অর্থ এমন কোন স্থান (খোলা বা আবদ্ধ যাহাই হউক না কেন) যেখানে পণের বিনিময়ে শারীরিক সৌন্দর্য বৃদ্ধিকল্পে, শারীরিক গঠন ঠিক রাখার বা শারীরিক সমস্যা উপশমের উদ্দেশ্যে শরীরচর্চা করানো হয় অথবা যন্ত্রপাতি ও সুইমিংপুল ইত্যাদি ব্যবহারের সুযোগ দেয়া হয় অথবা উক্ত বিষয়ে বিশেষজ্ঞ পরামর্শ ও প্রশিক্ষণ প্রদান করা হয়।
S০৪৭	S০৪৭.০০	**খেলাধূলা আয়োজক:** ব্যাখ্যা।- "খেলাধূলা আয়োজক" অর্থ এমন কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা যিনি, জাতীয় বা আন্তর্জাতিক পর্যায়ের প্রতিযোগিতামূলক খেলাধূলা প্রদর্শনার্থে দর্শকদের নিকট হইতে ফি, টিকেট মূল্য বা কোন প্রকার বিনিময় মূল্য গ্রহণ করেন।
S০৪৮	S০৪৮.০০	**পরিবহণ ঠিকাদার:** ব্যাখ্যা।- "পরিবহণ ঠিকাদার" অর্থ এমন কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা যিনি বা যারা বাণিজ্যিক ভিত্তিতে কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, বেসরকারী সংস্থা (এনজিও), ব্যাংক, বীমা বা অন্য কোন আর্থিক প্রতিষ্ঠান, লিমিটেড কোম্পানী বা শিক্ষা প্রতিষ্ঠানে, তালিকাভুক্ত হউক বা না হউক, পণের বিনিময়ে যে কোন পণ্য পরিবহণপূর্বক গন্তব্যস্থলে পৌছানোর দায়িত্ব পালন করেন।
S০৪৯	S০৪৯.০০	**যানবাহন ভাড়া প্রদানকারী:** ব্যাখ্যা।- "যানবাহন ভাড়া প্রদানকারী" অর্থ এমন কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা যিনি বা যাহারা বাণিজ্যিক ভিত্তিতে পণের বিনিময়ে সরকারী, আধা-সরকারী, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, বেসরকারী সংস্থা (এনজিও), ব্যাংক, বীমা বা অন্য কোন

শিরনামা সংখ্যা	সেবার কোড	করযোগ্য সেবা
(১)	(২)	(৩)
		আর্থিক প্রতিষ্ঠান, লিমিটেড কোম্পানী [1][, ১(এক) কোটি টাকার অধিক বার্ষিক টার্নওভারযুক্ত প্রতিষ্ঠান] বা শিক্ষা প্রতিষ্ঠানকে কার (ট্যাক্সিক্যাব ব্যতীত), জীপ, মাইক্রোবাস, বাস, কোস্টার, মিনিবাস, ট্রেন, লঞ্চ, স্পীডবোট, ট্রলার বা অনুরূপ যে কোন নামের বা ধরনের স্থলযান বা জলযান ভাড়া প্রদান করেন।
S০৫০	S০৫০.০০	**আর্কিটেক্ট, ইন্টেরিয়র ডিজাইনার বা ইন্টেরিয়র ডেকোরেটর ও গ্রাফিক ডিজাইনার:**
	S০৫০.১০	**আর্কিটেক্ট, ইন্টেরিয়র ডিজাইনার বা ইন্টেরিয়র ডেকোরেটর:** ব্যাখ্যা।- "আর্কিটেক্ট, ইন্টেরিয়র ডিজাইনার বা ইন্টেরিয়র ডেকোরেটর" অর্থ এমন কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা যিনি বাণিজ্যিক ভিত্তিতে, পণের বিনিময়ে বাসভবন, বাণিজ্যিক ভবন, অফিস, রাস্তা, সেতু, কালভার্ট, স্মৃতিসৌধ, ভাস্কর্য, ওভারব্রিজ, ফ্লাইওভার, শিক্ষা প্রতিষ্ঠানসহ যে কোন ধরনের অবকাঠামো নির্মাণের নকশা প্রণয়ন ও প্রযোজ্য ক্ষেত্রে, যে কোন অবকাঠামোর ভিতরকার সৌন্দর্য বৃদ্ধিকল্পে ডিজাইন ও কস্ট এস্টিমেট প্রণয়ন অথবা তাহা বাস্তবায়ন করেন। অস্থায়ী ভিত্তিতে কোন ভবনের অংশবিশেষের স্ট্রাকচার বা ডিজাইন পরিবর্তন সংক্রান্ত কার্যাদিও ইহার অন্তর্ভুক্ত হইবে।
	S০৫০.২০	**গ্রাফিক ডিজাইনার:** ব্যাখ্যা।- "গ্রাফিক ডিজাইনার" অর্থ এমন কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা যিনি বাণিজ্যিক ভিত্তিতে, পণের বিনিময়ে মুদ্রণ, ইলেকট্রনিক বা চলচ্চিত্র মাধ্যম (ভরষস সবফরধ) ব্যবহার পূর্বক বিষয় (text) ও গ্রাফিক এর সমন্বয়ে দর্শনযোগ্য মাধ্যম (visual media) বা ডিজাইন, লোগো, গ্রাফিক, ব্রোশিউর, নিউজ লেটার, পোস্টার, সাইন, বিজনেস কার্ড, পোস্টকার্ড, ইনভয়েস, পুস্তক, বা এ ধরনের অন্য কোন দর্শনযোগ্য পণ্য (visual communication) সৃষ্টি করেন।
S০৫১	S০৫১.০০	**ইঞ্জিনিয়ারিং ফার্ম:** ব্যাখ্যা।- "ইঞ্জিনিয়ারিং ফার্ম" অর্থ এমন কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা যিনি অথবা যারা বাণিজ্যিক ভিত্তিতে, নির্দিষ্ট চার্জ, ফি বা পণের বিনিময়ে ভবন, রাস্তাঘাট, সেতু, কালভার্ট, স্মৃতিসৌধ, ভাস্কর্য, ওভারব্রীজ, ফ্লাইওভারসহ যে কোন ধরনের অবকাঠামোগত ডিজাইন ও কষ্ট এস্টিমেট প্রণয়ন করেন অথবা উক্ত অবকাঠামোর নির্মাণ কাজ তদারকী বা বাস্তবায়ন করেন।
S০৫২	S০৫২.০০	**শব্দ ও আলোক সরঞ্জাম ভাড়া প্রদানকারী:** ব্যাখ্যা।- "শব্দ ও আলোক সরঞ্জাম ভাড়া প্রদানকারী" অর্থ বাণিজ্যিক ভিত্তিতে, পণের বিনিময়ে কোন সামাজিক, দাপ্তরিক, রাজনৈতিক বা যে কোন অনুষ্ঠানে ব্যবহারের উদ্দেশ্যে যে কোন ধরনের ইলেকট্রিক্যাল, ইলেকট্রোম্যাগনেটিক বা ইলেকট্রনিক শব্দ সরঞ্জাম অথবা আলোক সরঞ্জাম ভাড়া প্রদানকারী ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা।

[1] এসআরও নং ২১৮-আইন/২০১৫/৭৩৭-মূসক, তাং ০১ জুলাই, ২০১৫ দ্বারা সন্নিবেশিত।

শিরনামা সংখ্যা	সেবার কোড	করযোগ্য সেবা
(১)	(২)	(৩)
S০৫৩	S০৫৩.০০	**বোর্ড সভায় যোগদানকারী:** ব্যাখ্যা।- "বোর্ড সভায় যোগদানকারী" অর্থ এমন কোন ব্যক্তি যিনি কোন সরকারী, আধাসরকারী, বেসরকারী (এনজিও), বাংলাদেশে অবস্থিত আন্তর্জাতিক সংস্থা, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান, ব্যাংক, বীমা বা লিমিটেড কোম্পানীর বোর্ড বা বার্ষিক সাধারণ সভায় ফি বা সম্মানীর বিনিময়ে যোগদান করিয়া থাকেন।
S০৫৪	S০৫৪.০০	**উপগ্রহ চ্যানেলের মাধ্যমে বিজ্ঞাপন প্রচারকারী:** ব্যাখ্যা।- "উপগ্রহ চ্যানেলের মাধ্যমে বিজ্ঞাপন প্রচারকারী" অর্থ এমন কোন উৎপাদনকারী বা সেবা প্রদানকারী যিনি তাহার প্রতিষ্ঠানে উৎপাদিত মূসক আরোপযোগ্য যে কোন পণ্য বা সেবার বিপণনের বা প্রচারণার উদ্দেশ্যে কোন বিজ্ঞাপন প্রস্তুতকারী প্রতিষ্ঠানের মাধ্যমে বিজ্ঞাপন প্রস্তুতপূর্বক, পণের বিনিময়ে কোন জাতীয় বা আন্তর্জাতিক ভূমিতে অথবা মহাকাশে স্থাপিত উপগ্রহ চ্যানেলের মাধ্যমে প্রচারের ব্যবস্থা করিয়া থাকেন।
S০৫৫	S০৫৫.০০	**ভূমি বিক্রয়কারী:** ব্যাখ্যা।- "ভূমি বিক্রয়কারী" অর্থ এমন কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা যিনি মেট্রোপলিটন, মিউনিসিপ্যাল কর্পোরেশন বা পৌর এলাকার মাস্টারপ্ল্যানের আওতাভুক্ত এলাকায় অবস্থিত উত্তরাধিকার সূত্রে, ক্রয়সূত্রে বা অন্য যে কোন সূত্রে প্রাপ্ত ভূমি পণের বিনিময়ে অন্য কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থার নিকট নিজে বা অন্যের মাধ্যমে বিক্রয় করেন। তবে ভূমি উন্নয়ন সংস্থা এই সংজ্ঞার অন্তর্ভুক্ত হইবে না।
S০৫৬	S০৫৬.০০	**ব্যাংকিং ও নন-ব্যাংকিং সেবা প্রদানকারী:** ব্যাখ্যা।- "ব্যাংকিং ও নন-ব্যাংকিং সেবা প্রদানকারী" অর্থ কোন রাষ্ট্রায়ত্ত, দেশীয় বা বিদেশী বাণিজ্যিক ব্যাংক অথবা আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ (১৯৯৩ সনের ২৭ নং আইন) এর ধারা ২ এর দফা (খ) তে সংজ্ঞায়িত আর্থিক প্রতিষ্ঠান বা সংস্থা, যাহারা কমিশন, ফি বা চার্জের বিনিময়ে যে কোনো মাধ্যমে ব্যাংকিং বা নন-ব্যাংকিং সেবা (স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত কোম্পানীর শেয়ার ক্রয়-বিক্রয় সংক্রান্ত সেবা ব্যতীত) প্রদান করিয়া থাকে।
S০৫৭	S০৫৭.০০	**বিদ্যুৎ বিতরণকারী:** ব্যাখ্যা।- "বিদ্যুৎ বিতরণকারী" অর্থ এমন কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা যিনি বাণিজ্যিক ভিত্তিতে উৎপাদিত অথবা ক্রীত অথবা অন্য যে কোন উপায়ে প্রাপ্ত বিদ্যুৎ সরাসরি ভোক্তার নিকট পণের বিনিময়ে সরবরাহ করেন।
S০৫৮	S০৫৮.০০	**চার্টার্ড বিমান বা হেলিকপ্টার ভাড়া প্রদানকারী সংস্থা:** ব্যাখ্যা।- "চার্টার্ড বিমান বা হেলিকপ্টার ভাড়া প্রদানকারী সংস্থা" অর্থ এমন কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা যিনি পণের বিনিময়ে কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থাকে চার্টারে বিমান বা হেলিকপ্টার ভাড়া প্রদান করেন।
S০৫৯	S০৫৯.০০	**গ্লাসশীট প্রলেপকারী প্রতিষ্ঠান:** ব্যাখ্যা।- "গ্লাসশীট প্রলেপকারী প্রতিষ্ঠান" অর্থ এমন কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা

শিরনামা সংখ্যা	সেবার কোড	করযোগ্য সেবা
(১)	(২)	(৩)
		সংস্থা যিনি বাণিজ্যিক ভিত্তিতে পণের বিনিময়ে গ্লাসশীটের উপর নিজস্ব প্ল্যান্ট বা মেশিনারী দ্বারা প্রতিফলন কোটিং বা আস্তরণ বা প্রলেপ প্রদান করেন এবং সরবরাহকারীর চাহিদা মোতাবেক সাইজ বা আকৃতি প্রদানের নিমিত্তে কাটিং কার্যও সম্পাদন করেন।
S০৬০	S০৬০.০০	**নিলামকৃত পণ্যের ক্রেতা:** ব্যাখ্যা।- "নিলামকৃত পণ্যের ক্রেতা" অর্থ এমন কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা যিনি অর্থের বিনিময়ে নিলাম ডাকের মাধ্যমে বা দরপত্র দ্বারা বা দরপত্র ছাড়া কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, বেসরকারী সংস্থা (এনজিও), ব্যাংক, বীমা বা অন্য কোন আর্থিক প্রতিষ্ঠান, লিমিটেড কোম্পানী বা শিক্ষা প্রতিষ্ঠানের স্থাবর বা অস্থাবর সম্পত্তি বাণিজ্যিক বা ব্যক্তিগত ব্যবহারের উদ্দেশ্যে ক্রয় করিয়া থাকেন।
S০৬১	S০৬১.০০	**ক্রেডিট কার্ড প্রদানকারী প্রতিষ্ঠান:** ব্যাখ্যা।- "ক্রেডিট কার্ড প্রদানকারী প্রতিষ্ঠান" অর্থ এমন কোন ব্যাংক বা আর্থিক সংস্থা বা প্রতিষ্ঠান যাহারা তদ্‌কর্তৃক নির্ধারিত ফি বা চার্জের বিনিময়ে, আর্থিক লেনদেনের সুবিধার্থে, ক্রেডিট কার্ড ইস্যু বা নবায়ন করিয়া থাকে।
S০৬২	S০৬২.০০	**অর্থ বিনিময়কারী (মানি চেঞ্জার) প্রতিষ্ঠান:** ব্যাখ্যা।-"অর্থ বিনিময়কারী (মানি চেঞ্জার) প্রতিষ্ঠান" অর্থ এমন কোন ব্যক্তি, সংস্থা বা প্রতিষ্ঠান যিনি অর্থের বিনিময়ে সকল প্রকার বৈদেশিক মুদ্রা ক্রয়-বিক্রয় বা বিনিময় করিয়া থাকেন।
S০৬৩	S০৬৩.০০	**টেইলারিং সপ ও টেইলার্স:** ব্যাখ্যা।- "টেইলারিং সপ ও টেইলার্স" অর্থ এমন কোন ব্যক্তি, সংস্থা বা প্রতিষ্ঠান যিনি অর্থের বিনিময়ে যে কোন ধরনের পরিধেয় পোশাক বা সাজ-সজ্জার জন্য কাপড় বা প্রক্রিয়াজাত চামড়া বা অনুরূপ দ্রব্যাদি কাটিং, ডিজাইন ও সেলাই করেন।
S০৬৪	S০৬৪.১০	**এ্যামিউজমেন্ট পার্ক ও থিম পার্ক:** ব্যাখ্যা।- "এ্যামিউজমেন্ট পার্ক ও থিম পার্ক" অর্থ এমন কোন স্থান যেখানে পণের বিনিময়ে প্রবেশাধিকারসহ যান্ত্রিক খেলনা, রাইড, অবকাঠামো বা প্রদর্শনীর মাধ্যমে দর্শনার্থীদের জন্য বিনোদনের ব্যবস্থা করা হয়।
	S০৬৪.২০	**পিকনিক স্পট, শ্যূটিং স্পট ও পর্যটন স্থান বা স্থাপনা:** ব্যাখ্যা।- "পিকনিক স্পট, শ্যূটিং স্পট ও পর্যটন স্থান বা স্থাপনা" অর্থ প্রকৃতি প্রদত্ত অথবা বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহারের লক্ষ্যে পরিকল্পিতভাবে উন্নয়নকৃত কোন স্থান বা স্থাপনা যাহা, অন্যকোন সেবা, সুবিধা বা উপযোগিতা প্রদান করা হউক বা না হউক, পণের বিনিময়ে ভাড়া দেওয়া হয় এবং ইজারা প্রদত্ত না হইলে কোন ঐতিহাসিক স্থানও ইহার অন্তর্ভুক্ত হইবে।
S০৬৫	S০৬৫.০০	**ভবন, মেঝে ও অংগন পরিস্কার বা রক্ষণাবেক্ষণকারী সংস্থা:** ব্যাখ্যা।- "ভবন, মেঝে ও অংগন পরিস্কার বা রক্ষণাবেক্ষণকারী সংস্থা" অর্থ পণের

শিরনামা সংখ্যা	সেবার কোড	করযোগ্য সেবা
(১)	(২)	(৩)
		বিনিময়ে সরকারী, আধা-সরকারী, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, বেসরকারী সংস্থা (এনজিও), ব্যাংক, বীমা বা অন্য কোন আর্থিক প্রতিষ্ঠান, লিমিটেড কোম্পানী, শিক্ষা প্রতিষ্ঠান বা আন্তর্জাতিক সংস্থার ভবন, মেঝে ও অংগন পরিস্কারের কার্যে নিয়োজিত কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা।
S০৬৬	S০৬৬.০০	**লটারীর টিকিট বিক্রয়কারী:** ব্যাখ্যা।– "লটারীর টিকিট বিক্রয়কারী" অর্থ এমন কোন ব্যক্তি, সংস্থা বা প্রতিষ্ঠান যিনি কমিশনের বিনিময়ে সকল প্রকার লটারীর টিকিট বিক্রয় করিয়া থাকেন।
S০৬৭	S০৬৭.০০	**ইমিগ্রেশন উপদেষ্টা:** ব্যাখ্যা।– "ইমিগ্রেশন উপদেষ্টা" অর্থ এমন কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান বা সংস্থা যিনি বা যাহারা বিদেশ গমন বা বিদেশী নাগরিকত্ব লাভের উদ্দেশ্যে পণের বিনিময়ে কোন ব্যক্তি বা সংস্থাকে কোন পরামর্শ প্রদানসহ প্রত্যক্ষ বা পরোক্ষভাবে উক্ত বিষয় সম্পর্কিত কোন কার্যনির্বাহ করিয়া থাকেন।
[1][S০৬৮	S০৬৮.০০	**কোচিং সেন্টার:** ব্যাখ্যা।– "কোচিং সেন্টার" অর্থ এমন কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা যিনি বা যাহারা পণের বিনিময়ে বিউটিফিকেশন প্রশিক্ষণ, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি, পরীক্ষায় উন্নত ফলাফল লাভ, বিদেশী ভাষা শিক্ষা ও দক্ষতা অর্জন, চাকুরী পাওয়ার উদ্দেশ্য এবং প্রতিযোগিতামূলক পরীক্ষায় ভালো ফলাফলের জন্য এককভাবে কিংবা এক বা একাধিক সহযোগী সহযোগে যে কোন স্থান, সেন্টার বা প্রতিষ্ঠানে ছাত্র-ছাত্রী বা ব্যক্তিবর্গকে প্রশিক্ষণ বা পাঠদান করিয়া থাকেন এবং GMAT, GRE, TOEFL ও IELTS প্রশিক্ষণও ইহার অন্তর্ভুক্ত হইবে।]
S০৬৯	S০৬৯.০০	**ইংলিশ মিডিয়াম স্কুল:** ব্যাখ্যা।– "ইংলিশ মিডিয়াম স্কুল" অর্থ এইরূপ কোন শিক্ষা প্রতিষ্ঠান যেখানে পণের বিনিময়ে আন্তর্জাতিক পাঠক্রম অনুসারে ইংরেজী ভাষায় পাঠ দান করা হয়। জাতীয় শিক্ষাক্রম অনুসারে ইংরেজী মাধ্যমের (Version) শিক্ষা ইহার আওতা বহির্ভূত হইবে।
S০৭০	S০৭০.০০	**বেসরকারী বিশ্ববিদ্যালয় এবং মেডিকেল ও ইঞ্জিনিয়ারিং কলেজ:**
	S০৭০.১০	**বেসরকারী বিশ্ববিদ্যালয়:** ব্যাখ্যা।– "বেসরকারী বিশ্ববিদ্যালয়" অর্থ এইরূপ কোন বেসরকারী প্রতিষ্ঠান যেখানে পণের বিনিময়ে পাঠদান স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রী প্রদান করা হইয়া থাকে।
	S০৭০.২০	**বেসরকারী মেডিকেল ও ইঞ্জিনিয়ারিং কলেজ:** ব্যাখ্যা।– "বেসরকারী মেডিকেল ও ইঞ্জিনিয়ারিং কলেজ" অর্থ এইরূপ কোন বেসরকারী প্রতিষ্ঠান যেখানে পণের বিনিময়ে পাঠদান শেষে মেডিকেল বা ইঞ্জিনিয়ারিং বিষয়ে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রী প্রদান করা হইয়া থাকে।

[1] এসআরও নং ১২০-আইন/২০১৫/৭২৬-মূসক, তাং ০৪ জুন, ২০১৫ বলে প্রতিস্থাপিত।

শিরনামা সংখ্যা	সেবার কোড	করযোগ্য সেবা
(১)	(২)	(৩)
S০৭১	S০৭১.০০	**অনুষ্ঠান আয়োজক:** ব্যাখ্যা।– "অনুষ্ঠান আয়োজক" অর্থ এমন কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা, যিনি বা যাহারা, পণের বিনিময়ে অপর কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের যে কোন ধরনের অনুষ্ঠান আয়োজনে সহায়তা করে থাকেন।
S০৭২	S০৭২.০০	**মানব সম্পদ সরবরাহ বা ব্যবস্থাপনা প্রতিষ্ঠান:** ব্যাখ্যা।– "মানব সম্পদ সরবরাহ বা ব্যবস্থাপনা" অর্থ কোন সরকারী, বেসরকারী, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা লিমিটেড কোম্পানীতে সুনির্দিষ্ট কাজ সম্পাদনের লক্ষ্যে বা সামগ্রিক ব্যবস্থাপনার লক্ষ্যে চুক্তির ভিত্তিতে পণের বিনিময়ে দক্ষ, অদক্ষ জনশক্তি সরবরাহ বা দাপ্তরিক সেবা প্রদানকারী কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা। শ্রম হ্যান্ডলিং বা শ্রমিক ঠিকাদার প্রতিষ্ঠান বা শ্রমিক সরবরাহকারী প্রতিষ্ঠানও ইহার অন্তর্ভুক্ত হইবে।
S০৭৩	S০৭৩.০০	**জনশক্তি রপ্তানিকারী প্রতিষ্ঠান:** ব্যাখ্যা।– "জনশক্তি রপ্তানীকারী প্রতিষ্ঠান" অর্থ এমন কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা যিনি বা যাহারা, জনশক্তি বা কর্মসংস্থান ব্যুরো বা সমজাতীয় অন্য কোন কর্তৃপক্ষের অধীনে তালিকাভুক্ত বা নিবন্ধিত হইয়া বাংলাদেশ হইতে বিদেশে কিংবা বিদেশ হইতে বাংলাদেশে লোকবল নিয়োগে বিভিন্ন দপ্তরের মধ্যে সমন্বয় সাধনসহ কমিশন বা চার্জ বা ফি এর বিনিময়ে ভিসা প্রসেসিং ও অন্যান্য দাপ্তরিক সেবা প্রদান করেন।
[1][S০৭৪	S০৭৪.০০	**স্থান ও স্থাপনা ভাড়া গ্রহণকারী:** ব্যাখ্যা।– "স্থান ও স্থাপনা ভাড়া গ্রহণকারী" অর্থ এমন কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা যিনি বা যাহারা আবাসিক কাজে ব্যবহার্য নয় এরূপ কোন স্থান বা স্থাপনা পণের বিনিময়ে নির্দিষ্ট মেয়াদে ব্যবহার করার অধিকারী। নির্দিষ্ট মেয়াদান্তে নবায়নযোগ্য উক্তরূপ অধিকার অর্জনও ইহার অন্তর্ভুক্ত হইবে।]
S০৭৫	S০৭৫.০০	**স্টক ও সিকিউরিটি ব্রোকার:** ব্যাখ্যা।– "স্টক ও সিকিউরিটি ব্রোকার" অর্থ কমিশনের বিনিময়ে কোন বেনিফিসিয়ারী ওনার'স একাউন্টসধারী ব্যক্তি বা প্রতিষ্ঠানের পক্ষে শেয়ার ক্রয়-বিক্রয় কার্যে নিয়োজিত কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান বা সংস্থা।
S০৭৬	S০৭৬.০০	**সামাজিক ও খেলাধুলা বিষয়ক ক্লাব:** ব্যাখ্যা।– "সামাজিক ও খেলাধুলা বিষয়ক ক্লাব" অর্থ গলফ ক্লাব, রেসিং প্লেস, ফ্লাইং ক্লাব, ড্রাইভিং ক্লাবসহ এমন কোন সামাজিক অথবা খেলাধুলা বিষয়ক সংগঠন বা সংস্থা বা প্রতিষ্ঠান যাহার সদস্যপদ গ্রহণ করিতে হইলে ১০,০০০/- টাকার উর্ধ্বে ফি প্রদান করিতে হয় অথবা মাসিক ৫০০/- টাকার উর্ধ্বে চাঁদা প্রদান করিতে হয় এবং যেখানে পণের বিনিময়ে অন্যান্য সেবা সরবরাহ করা হয়। তবে ফুটবল, ক্রিকেট, হকি, ভলিবল, কাবাডি, বাস্কেটবল, হ্যান্ডবল, ইত্যাদি খেলাসহ অলিম্পিক গেমসের অন্তর্ভুক্ত সকল ইভেন্ট ইহার আওতা বহির্ভূত হইবে।

[1] এসআরও নং ১০৭-আইন/২০১৪/৭০২-মূসক, তাং ০৫ জুন, ২০১৪ বলে প্রতিস্থাপিত।

শিরনামা সংখ্যা	সেবার কোড	করযোগ্য সেবা
(১)	(২)	(৩)
S০৭৭	S০৭৭.০০	**ট্যুর অপারেটর:** ব্যাখ্যা।- "ট্যুর অপারেটর" অর্থ এমন কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা যিনি বা যাহারা, বাণিজ্যিক ভিত্তিতে অপর কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের দেশে বা বিদেশে যে কোন ধরনের ভ্রমণ আয়োজনে সহায়তা করে থাকেন।
S০৭৮	S০৭৮.০০	**নিজস্ব ব্রান্ড সম্বলিত তৈরী পোশাক বিপনন কেন্দ্র:** ব্যাখ্যা।- "নিজস্ব ব্রান্ড সম্বলিত তৈরী পোশাক বিপনন কেন্দ্র" অর্থ এমন কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা যিনি বা যাহারা, নিজস্ব ব্রান্ড বা ট্রেডমার্ক ব্যবহার করিয়া পরিধেয় পোশাক নিজস্ব অথবা চুক্তিভিত্তিক কারিগরের দ্বারা উৎপাদন অথবা আমদানি করিয়া নিজস্ব শো-রুম বা বিপনন কেন্দ্র থেকে পণের বিনিময়ে বিক্রয় করেন।
S০৯৯	S০৯৯.০০	**বিবিধ সেবা:**
	S০৯৯.১০	**তথ্য-প্রযুক্তি নির্ভর সেবা (Information Technology Enabled Services):** ব্যাখ্যা।- "তথ্য-প্রযুক্তি নির্ভর সেবা (Information Technology Enabled Services)" অর্থ Digital Content Development and Management, Animation (both 2D and 3D), Geographic Information Services (GIS), IT Support and Software Maintenance Services, Web Site Services, Business Process Outsourcing, Data entry, Data Processing, Call Centre, Graphics Design (digital service), Search Engine Optimization, Web Listing, E-commerce and Online Shopping, document conversion, imaging and archiving, Any automated services rendered by Internet or Electronic Net-work, E-Procurement and E-Auction.
	S০৯৯.২০	**অন্যান্য বিবিধ সেবা:** ব্যাখ্যা।- "অন্যান্য বিবিধ সেবা" অর্থ মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর দ্বিতীয় তফসিলের অন্তর্ভুক্ত নয়, এই প্রজ্ঞাপনে সংজ্ঞায়িত করা হয় নাই এবং উক্ত আইনের ধারা ১৪ অনুযায়ী অব্যাহতিপ্রাপ্ত নয়, পণের বিনিময়ে প্রদত্ত এমন সকল সেবা।
	S০৯৯.৩০	**স্পন্সরশীপ সেবা (Sponsorship Services):** ব্যাখ্যা।- "স্পন্সরশীপ সেবা (Sponsorship services)" অর্থ Sponsorship services includes naming an event after the sponsor, displaying the sponsor's company logo or trading name, giving the sponsor exclusive or priority booking rights, sponsoring prizes or trophies for competition; but does not include any sports event involving national teams of Bangladesh. It also excludes any financial or other support in the form of donations or gifts, given by the donors subject to the condition that the service provider is under no obligation to provide anything in return to such donations.

শিরনামা সংখ্যা	সেবার কোড	করযোগ্য সেবা
(১)	(২)	(৩)
	[1]S০৯৯.৪০	**মেডিটেশন সেবা:** ব্যাখ্যা।- "মেডিটেশন সেবা" অর্থ এমন কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা যিনি বা যাহারা, পণের বিনিময়ে মনোদৈহিক রোগগ্রস্ত, হতাশাগ্রস্ত এবং নানাবিধ শারীরিক জটিল ব্যাধিতে আক্রান্ত রোগীকে অথবা যে কোন ব্যক্তিকে মেডিটেশন, ধ্যানচর্চা, কাউন্সেলিং, মোহিতকরণ বা অনুরূপ কোন পদ্ধতিতে মানসিক ও মনোদৈহিক উৎকর্ষ সাধন বা প্রশান্তি আনয়নের লক্ষ্যে সেবা প্রদান করেন।
	[2]S০৯৯.৫০	**অনলাইনে পণ্য বিক্রয়:** ব্যাখ্যা।- "অনলাইনে পণ্য বিক্রয়" অর্থ ইলেক্ট্রনিক নেটওয়ার্ক ব্যবহারের মাধ্যমে পণ্য ও সেবার ক্রয়-বিক্রয় এবং একই পদ্ধতির আওতায় অর্থ ও তথ্যের আদান প্রদান এবং পণ্য ও সেবা সরবরাহের সাথে সংশ্লিষ্ট ব্যক্তির কার্যক্রমও ইহার অন্তর্ভুক্ত হইবে।
	S০৯৯.৬০	**ক্রেডিট রেটিং এজেন্সি:** ব্যাখ্যা।- "ক্রেডিট রেটিং এজেন্সি" অর্থ এমন কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা যিনি বা যাহারা পণের বিনিময়ে কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থার আর্থিক অবস্থা পর্যালোচনাপূর্বক ঋণ পরিশোধের সামর্থ পরিমাপ করে এবং আর্থিক অবস্থা বিশ্লেষণও ইহার অন্তর্ভুক্ত হইবে।]

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,
(মোঃ শওকাত হোসেন)
প্রথম সচিব (মূসক নীতি)

[1] এসআরও নং ২২৮-আইন/২০১৩/৬৮৪-মূসক, তাং ০২ জুলাই, ২০১৩ বলে সংযোজিত।
[2] এসআরও নং ১২০-আইন/২০১৫/৭২৬-মূসক, তাং ০৪ জুন, ২০১৫ বলে সংযোজিত।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
[মূল্য সংযোজন কর]

সাধারণ আদেশ নং ১/মূসক/৯৩ তারিখ: ১৭/০৩/১৯৯৩

বিষয়: **প্রাকৃতিক গ্যাসের উপর প্রযোজ্য মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক নিরূপণ ও পরিশোধ সম্পর্কে দিক-নির্দেশনা।**

১'জুলাই, ১৯৯২ হতে প্রাকৃতিক গ্যাসের উপর মূল্য সংযোজন কর ব্যবস্থা বলবত হওয়ার পর গ্যাসের উপর মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক নিরূপণ ও পরিশোধ সম্পর্কে কিছু বিভ্রান্তি মাঠ পর্যায়ে বিরাজ করছে বলে বোর্ড বিভিন্ন সূত্রে অবহিত হয়েছে। এরূপ বিভ্রান্তি দূর করার লক্ষ্যে নিম্নরূপ নির্দেশনা/আদেশাবলী জারী করা হলো।

২। মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর অধীনে গ্যাস উৎপাদনকারী প্রতিষ্ঠানসমূহের ক্ষেত্রে ধারা-১৫ এর অধীনে নিবন্ধন, ৩১ এর অধীনে নথিপত্রসমূহ সংরক্ষণ, ধারা-৩৫ এর অধীনে দাখিলপত্র পেশকরণসহ মূসক বিধিমালা, ১৯৯১ এর অধীনে অন্যান্য আনুষ্ঠানিকতা যথারীতি পালনযোগ্য। তবে বর্তমানে গ্যাসফিল্ডসমূহ থেকে সরবরাহকৃত গ্যাসের খাতওয়ারী প্রকৃত পরিমাণ সরবরাহকালে নিশ্চিত হওয়ার কোনো সুযোগ বিদ্যমান না থাকায় গ্যাসের সরবরাহ সম্পর্কে প্রাপ্ত সর্বশেষ ব্রেক ডাউন রিপোর্ট এর ভিত্তিতে যে সব তথ্যাদি পাওয়া যাবে, গ্যাসফিল্ডসমূহ সেই সকল চূড়ান্ত তথ্যাদি সংশ্লিষ্ট [মূসক-১৭] এ লিপিবদ্ধ করবেন।

৩। গ্যাসের গ্রাহক মূল্য (End Price) সরকার কর্তৃক প্রজ্ঞাপনের মাধ্যমে জারী করা হয়। তাই এই ক্ষেত্রে পৃথকভাবে মূল্যের ঘোষণা অনুমোদনের প্রয়োজন নেই। গ্যাসফিল্ডসমূহ সরকারি প্রজ্ঞাপনে জারীকৃত প্রাকৃতিক গ্যাসের মূল্য সম্পর্কিত ঘোষণার একটি কপি সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তাকে প্রেরণ করবেন। সরকার কর্তৃক ধার্যকৃত উক্ত মূল্য হতে সম্পূরক শুল্ক ও মূল্য সংযোজন কর ধার্যের জন্য ভিত্তিমূল্য নিম্নোক্ত উপায়ে নিরূপণ করা যেতে পারে:—

(ক) $\frac{\text{সরকার নির্ধারিত গ্রাহক পর্যায়ে মূল্য (End Price)}}{১.১৫}$ = মূসক ধার্যের জন্য মূল্য [ধারা-৫(২)];

(খ) $\frac{\text{মূল্য সংযোজন কর ধার্যের মূল্য}}{১+(\text{সম্পূরক শুল্ক হার})/১০০}$ = সম্পূরক শুল্ক ধার্যের জন্য মূল্য [ধারা-৭(২)(খ)]

৪। গ্রাহকের নিকট প্রাকৃতিক গ্যাস সরবরাহের সঙ্গে উহার উপর আরোপযোগ্য কর পরিশোধ্য হবে। তবে উহা মাসিক ভিত্তিতে চলতি হিসাবে সমন্বয়ের মাধ্যমে পরিশোধ করা যাবে। এই লক্ষ্যে সরবরাহ সংশ্লিষ্ট মাসের পূর্ববর্তী মাসে প্রকৃত সরবরাহ সংক্রান্ত ব্রেক ডাউন রিপোর্টের ভিত্তিতে আরোপযোগ্য করের সমপরিমাণ অর্থ ট্রেজারী চালানের মাধ্যমে উক্ত (সরবরাহ সংশ্লিষ্ট) মাস চলাকালীন সময়েই চলতি হিসাবে জমা দিতে হবে। বিতরণ কোম্পানী (Distribution company) এর নিকট হতে সরবরাহ সংশ্লিষ্ট মাসের জন্য গ্রাহক ভিত্তিক প্রকৃত সরবরাহের বিবরণ (Break down report) পাওয়ার পর ঐ মাসের জন্য গ্রাহক ভিত্তিক প্রকৃত করের পরিমাণ নির্ধারণকরতঃ চলতি হিসাবে প্রয়োজনীয় সমন্বয় সাধন করা যাবে। কোনো নির্দিষ্ট মাসের

জন্য উল্লিখিত ব্রেক ডাউন রিপোর্ট ঐ মাস শেষ হওয়ার তিন মাসের মধ্যেই গ্যাস ফিল্ড কোম্পানী কর্তৃক সংগ্রহপূর্বক চলতি হিসাবে প্রদেয় করের অর্থ সমন্বয় সাধন করতে হবে।

৫। নির্ধারিত 'গ্যাস ফিল্ড' গ্যাস সরবরাহের বিবরণাদি ও অন্যান্য তথ্যাদি অডিট কার্যক্রমের জন্য যথাযথরূপে সংরক্ষণ করতে হবে। 'গ্যাস ফিল্ড' উহার বা কোনো গ্রাহকের আংগিনায় বা নিয়ন্ত্রণে অবস্থিত কোনো মিটার সহকারী রাজস্ব কর্মকর্তার নিম্নে নয় এমন কোনো মূসক কর্মকর্তা কর্তৃক যে কোনো সময়ে পরীক্ষার জন্য অনুমতি প্রদান করবেন।

৬। মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা-৬৫ এবং মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি-৩৮ এ প্রদত্ত ক্ষমতাবলে এই আদেশ জারী করা হল এবং ইহা ১ জুলাই, ১৯৯২ইং মোতাবেক ১৭ই আষাঢ়, ১৩৯৯বাং হইতে কার্যকরী হয়েছে বলে গণ্য হবে।

ডঃ মোঃ নূরুল আলম খান
দ্বিতীয় সচিব (মূসক)